*Journal of Journalism and Media*
Vol. 4 • 2022 • ISSN 2409-479X

# বাংলাদেশের সংবাদপত্র ও অনলাইন নিউজ পোর্টালে সংবেদনবাদ চর্চা: একটি মূল্যায়ন

**কাজী নাজিফা লামিনূর***
**মোঃ মাহদী-আল-মুহতাসিম নিবিড়****
**সারা মনামী হোসেন*****

[**সার-সংক্ষেপ:** বর্তমানে গণমাধ্যমে সংবেদনবাদ একটি বহুল আলোচিত বিষয়। সংবাদে অতিরঞ্জিত শব্দ, ছবি বা উক্তির অযাচিত ব্যবহার, যার সংবাদমূল্য নেই, তাই মূলত সংবেদনবাদ। বাংলাদেশের সংবাদপত্র ও অনলাইন পোর্টালগুলো কী ধরনের সংবেদনবাদ চর্চা করছে ও সংবাদে কী ধরণের উপাদান ব্যবহার করে সেগুলোকে অসংবেদনশীল, আকর্ষনীয়, চাঞ্চল্যকর করা হয় তা পর্যালোচনা করাই এই গবেষণার উদ্দেশ্য। এই গবেষণায় মূলত তথ্যের গুণগত বিশ্লেষণের মাধ্যমে বাংলাদেশের সংবাদমাধ্যমের অসংবেদনশীলতার প্রক্রিয়া, স্বরূপ এবং বৈশিষ্ট্যগুলো আলোচিত হয়েছে। রেপ্রিজেন্টেশন তত্ত্বের আলোকে উদ্দেশ্যমূলক নমুনায়নের মাধ্যমে বাংলাদেশের সর্বাধিক প্রকাশিত/ প্রচলিত জাতীয় দৈনিক, আঞ্চলিক পত্রিকা এবং জাতীয় ও আঞ্চলিক অনলাইন নিউজ পোর্টালসহ আটটি সংবাদমাধ্যমের ১৬৮টি সংখ্যা নির্বাচন করে আধেয় বিশ্লেষণ পদ্ধতিতে গবেষণার তথ্য বিশ্লেষণ করা হয়েছে। গবেষণায় প্রাপ্ত ফলাফলে সংবাদগুলোর শিরোনাম ও মূল সংবাদের মধ্যে অসামঞ্জস্যতা পাওয়া যায়। অতিনাটকীয় উপস্থাপন, জেন্ডার অসংবেদনশীলতা ও যৌন সহিংসতার অসংবেদনশীল

* **কাজী নাজিফা লামিনূর:** স্নাতক (সম্মান), গণযোগাযোগ ও সাংবাদিকতা ডিসিপ্লিন, খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা-৯২০৮। ইমেইল: *nazifanoor41@gmail.com*

** **মোঃ মাহদী-আল-মুহতাসিম নিবিড়:** সহকারী অধ্যাপক, গণযোগাযোগ ও সাংবাদিকতা ডিসিপ্লিন, খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা-৯২০৮।
ইমেইল: *muhtasimnibir.du@gmail.com*

*** **সারা মনামী হোসেন:** সহকারী অধ্যাপক, গণযোগাযোগ ও সাংবাদিকতা ডিসিপ্লিন, খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা-৯২০৮। ইমেইল: *saramonami@gmail.com*

উপস্থাপন, সংবাদে অতিরঞ্জন, অপরাধ সহিংসতার অসংবেদনশীল উপস্থাপন, ভুক্তভুগীকে দোষারোপ, ব্যক্তিগত বিষয় দৃষ্টিগোচর করা- এ ধরণের সংবেদনবাদ চর্চা চিহ্নিত হয়েছে। গবেষণার ফলাফলে আরো দেখা যায়, আঞ্চলিক পর্যায়ের দৈনিক পত্রিকা ও অনলাইন নিউজ পোর্টালের তুলনায় জাতীয় পর্যায়ের গণমাধ্যমগুলোতে বিশেষত জাতীয় পর্যায়ের অনলাইন নিউজ পোর্টালে অসংবেদনশীল সংবাদ প্রকাশের চর্চা তুলনামূলক বেশি। গণমাধ্যমে প্রকাশিত সংবাদের সংবেদনবাদের বিষয়টি উপস্থাপিত করার মাধ্যমে এই গবেষণা ভবিষ্যতে গণমাধ্যমগুলোর সংবেদনশীল সাংবাদিকতা চর্চায় ভূমিকা রাখতে পারে।]

**মূল শব্দ:** সংবেদনবাদ, সংবাদপত্র, অনলাইন নিউজ পোর্টাল, জেন্ডার সংবেদনশীলতা

## ভূমিকা

সংবেদনবাদ ধারণাটি নতুন নয়, বরং বলা হয়, এই ধারণাটির শুরু প্রাচীন গ্রীসে। স্টিফেনস (২০০৭) এর মতে, ১৬ ও ১৭ শতকে নৈতিক শিক্ষা দেওয়ার জন্য বিভিন্ন গ্রন্থে সংবেদনবাদ বিষয়টির উল্লেখ আছে। সংবাদের ক্ষেত্রে এক সময় এর প্রচলন শুরু হয়; সেই সময় মূলত নিম্নশ্রেণির মানুষকে উদ্দেশ্য করে চাঞ্চল্যকার সংবাদ পরিবেশিত হতে থাকে (স্টিফেনস, ২০০৭)। কারণ তখন মনে করা হতো, এই শ্রেণির মানুষের রাজনীতি ও অর্থনীতি সম্পর্কে ভালোভাবে বোঝার প্রয়োজন নেই। ফলে এর মাধ্যমে তাদের অন্য চিন্তায় ব্যস্ত করে তোলার চেষ্টা করা হতো। গবেষক গ্র্যাবে, জোউ ও বারনেট (২০০১) এর মতে, ১৫ শতকের শেষের দিকে সংবেদনবাদ চর্চার বিষয়টি খুঁজে পাওয়া যায়।

## গবেষণার প্রেক্ষাপট

রিচার্ড এল. কাপলান (২০০৮) এর মতে, হলুদ সাংবাদিকতা তথা আধুনিক যুগের চাঞ্চল্যকার সংবাদের প্রচলনের শুরু হয় উনবিংশ এবং বিংশ শতাব্দীর প্রথম দিকে, যখন মুদ্রণ ব্যবসা ও সংস্কৃতি বিকশিত হচ্ছিল। অসংবেদনশীল সাংবাদিকতা চর্চা দ্রুত বিকশিত হয় ১৮৯০ এর দশকে যুক্তরাষ্ট্রের নিউইর্য়ক শহরের সংবাদপত্র প্রকাশক জোসেফ পুলিৎজার এবং উইলিয়াম র‍্যানডলফ্ হাস্টের মধ্যকার সংবাদপত্রের কাটতি বাড়ানোর এক অসুস্থ প্রতিযোগিতার মাধ্যমে। পরবর্তী শতাব্দীতে যুক্তরাষ্ট্রের গণমাধ্যমগুলো একটি সীমিত শ্রেণিমাধ্যম থেকে গণমাধ্যম হয়ে ওঠার লক্ষ্যে শহরবাসী, শ্রমজীবী মানুষ ও অভিবাসীদের উদ্দেশ্য করে সংবেদনবাদ, পপুলিজম ও সমাজতান্ত্রিক কিছু ধারণা গ্রহণ করে (কাপলান, ২০০৮)।

স্টিফেনস (২০০৭) এর মতে, “ট্যাবলয়েড” সংবাদপত্রে সংবেদনবাদের চর্চা নতুন নয়। তবে এ ধরণের তথ্যগুলো আদর্শ সংবাদের ধারণা থেকে অনেক দূরে। গণমাধ্যম শিল্পের আজকের সূচকীয় আর্থিক উন্নতি সাধনের পেছনেও এই সংবেদনবাদের ভূমিকা রয়েছে (লোয়ি, ২০১৬)। মূলত চাঞ্চল্যকর বিষয়বস্তু নিয়ে সংবাদ প্রকাশ করে মানুষকে আকৃষ্ট করার চেষ্টা করা হয়।

**গবেষণার যৌক্তিকতা**

গণমাধ্যমের প্রধান ও মৌলিক কাজের মধ্যে একটি হলো জনগণের তথ্যের চাহিদা সঠিকভাবে পূরণ করা (ল্যাসওয়েল, ১৯৪৮)। আধুনিক যুগে গণমাধ্যম আমাদের চিন্তাভাবনার উপর বিশাল প্রভাব ফেলে এবং মিডিয়ার দেওয়া তথ্য উপেক্ষা করা কঠিন হয়ে পড়ে। একটি সমীক্ষায় দেখা যায়, বেশিরভাগ লোকেরা সংবাদমাধ্যম থেকে কিছু মৌলিক বিষয় দাবি করে যেমন সামাজিক এবং রাজনৈতিক ক্ষেত্রে যা ঘটছে সে সম্পর্কে তথ্য। সুতরাং, সংবাদ মাধ্যমের কার্যকলাপের উন্নতির জন্য সাংবাদিকতার স্বচ্ছতা খুবই গুরুত্বপূর্ণ (কালোগেরোপুলাস ও ফ্লিৎচার, ২০১৯)। বর্তমানে বাংলাদেশের বিভিন্ন জাতীয় দৈনিক ও আঞ্চলিক পত্রিকার সংবাদে নানা রকম চাঞ্চল্যকর সংবাদ চোখে পড়ে। যৌনতা, জেন্ডার অসংবেদনশীলতা, সহিংসতা ইত্যাদি নানা বিষয়ে চাঞ্চল্যকর সংবাদ প্রকাশিত ও প্রচারিত হয়। এই বিষয়ে বিশ্বে বিভিন্ন সময়ে গবেষকেরা গবেষণা করেছেন। তবে বাংলাদেশের সংবাদপত্রের সংবেদনবাদ চর্চার বিষয়ে তেমন কোনো গবেষণা খুঁজে পাওয়া যায়নি। তাই গণমাধ্যমে এমন চর্চা হ্রাস করতে সর্বপ্রথম এই বিষয়ের উপর পর্যাপ্ত গবেষণা প্রয়োজন। এই গবেষণাটি তারই একটি পদক্ষেপ। প্রকৃত অর্থে বাংলাদেশের সংবাদমাধ্যমগুলো সংবেদনবাদ চর্চার প্রকৃতি, বৈশিষ্ট্য ও পরিমান নির্ণয় করা উচিত, যেক্ষেত্রে এই গবেষণা ভূমিকা পালন করতে পারে। সাংবাদিকবৃন্দ সংবাদ লেখা ও সম্পাদনার ক্ষেত্রে সংবেদনবাদের বিষয়টি মাথায় রেখে আরো দায়িত্বশীল আচরণে সচেষ্ট হতে পারে। এছাড়া এই গবেষণার ফলাফল ভবিষ্যতে গণমাধ্যমগুলোর কার্যক্রমে উন্নয়ন, পরিবর্তন এবং পরিমার্জনে সহায়ক ভূমিকা পালন করতে পারে।

**গবেষণার লক্ষ্য**

এই গবেষণার লক্ষ্য হলো বাংলাদেশের সংবাদপত্র ও অনলাইন নিউজ পোর্টালগুলোর সংবাদ পরিবেশনের ক্ষেত্রে সংবেদনবাদ চর্চার প্রকৃতি অন্বেষণ ও পর্যালোচনা।

সংবাদপত্র ও অনলাইন পোর্টালে প্রকাশিত শিরোনামগুলোয় কী ধরণের উপাদান ব্যবহার করে সেগুলোকে অসংবেদনশীল, আকর্ষনীয়, চাঞ্চল্যকর এবং

পাঠকের কৌতুহল বৃদ্ধির চেষ্টা করা হয় তা খুঁজে বের করা গবেষণার অন্যতম উদ্দেশ্য।

## গবেষণা প্রশ্ন

১. বাংলাদেশের সংবাদপত্র এবং অনলাইন পোর্টালগুলো কীভাবে সংবেদনবাদের চর্চা করে?
২. সংবাদপত্র ও অনলাইন পোর্টালে প্রকাশিত শিরোনামগুলোতে কী ধরণের উপাদান ব্যবহার করে সেগুলোকে অসংবেদনশীল, আকর্ষনীয়, চাঞ্চল্যকর করা হয়?

## প্রাসঙ্গিক সাহিত্য পর্যালোচনা

গণমাধ্যমের সংবেদনবাদ নিয়ে বাংলাদেশে পর্যাপ্ত গবেষণা হয়নি। তবে বিশ্বের অন্যান্য দেশের গবেষণা দেখে এতটুকু বোঝা যায় যে, সাংবাদিকতার পেক্ষাপটে সংবেদনবাদ শব্দটি নতুন নয়।

কেইন-আরজু (২০১৬) তার গবেষণায় মধ্য আমেরিকার দেশ বেলিজের দুটি সর্বাধিক পঠিত সংবাদপত্র "দ্য রিপোর্টার" ও "আমান্ডলা"-র সংবেদনবাদ বিশ্লেষণ করে দেখিয়েছেন যে, সংবাদপত্র দুটিতে অপরাধ ও সহিংসতা বিষয়ক খবরগুলোতে অসংবেদনশীলতা লক্ষ্যণীয় এবং গণমাধ্যম দুটিতে শোবিজ তারকাদের নিয়ে চাঞ্চল্যকর সংবাদ শিরোনাম ও ছবি প্রকাশিত হয়।

ওয়াং (২০১২) তার গবেষণায় দেখিয়েছেন যে, প্রতিযোগিতামূলকভাবে গণমাধ্যমে তীব্র সহিংসতার চিত্র প্রকাশ করতে দেখা যায়। কানাডা, ইসরায়েল এবং ইতালির বাণিজ্যিক টেলিভিশন মাধ্যমগুলোতে ৪০৭টিরও বেশি চাঞ্চল্যকর তথ্য সম্বলিত সংবাদ পাওয়া গেছে। বানিজ্যিক গণমাধ্যমে খবর সম্প্রচারের সময় ৩০% এর বেশি চাঞ্চল্যকর বিষয়বস্তু প্রদর্শন করা হয়, অন্যদিকে জাতীয় গণমাধ্যমে এই পরিমান ২৩%।

ওয়েস্ট ভার্জিনিয়া বিশ্ববিদ্যালয়ের গবেষক উইলিয়াম বি. ফ্রাই গণমাধ্যমগুলোকে প্রচার সংখ্যার ভিত্তিতে তিনটি শ্রেণীতে (উচ্চ, মধ্যম ও নিম্ন) ভাগ করে সংবেদনবাদ বিশ্লেষণ করে দেখিয়েছেন নিম্ন প্রচার সংখ্যার গণমাধ্যমে সংবেদনবাদের চর্চা বেশি (ফ্রাই, ২০০৫)।

কিছু গবেষণায় সংবেদনবাদ ও পাঠক/দর্শকের আগ্রহের মধ্যে সম্পর্ক পাওয়া গেছে। টেলিভিশন সংবাদের দর্শকদের উপর জরিপ করে জানা যায়, বাস্তবিক বিষয়বস্তুর চেয়ে অপ্রচলিত ও উত্তেজনাপূর্ণ তথ্যের প্রতি দর্শকের আকর্ষণ অধিক এবং তরুণ এবং মধ্যবয়সীদের মধ্যে এই প্রবণতা বেশি (ভেটেহেন ও ক্লিম্যান্স, ২০১৭)।

যখন একটি সংবেদনশীল তথ্য সামনে আসে, সম্পূর্ণ তথ্য জানার জন্য দর্শক বা পাঠকরা সেটি বারবার খুঁজতে থাকে। একটি গবেষণায় নমুনা হিসাবে ৭৩৬টি সর্বাধিক পঠিত সংবাদ পর্যালোচনা করে দেখা যায়, সেখানে চাঞ্চল্যকর তথ্য ছিল বলেই পাঠকেরা সেগুলো পড়তে আকৃষ্ট হয়েছিলেন (ডেভিস এবং ম্যাকলিওড, ২০০৩)।

সংবাদপত্র প্রচারণার উপায় হিসেবে সংবেদনবাদ চর্চার প্রমাণ মিলেছে বিভিন্ন গবেষণায়। গে (২০১৫) বলেন, পাঠকের মনোযোগ আকর্ষণ করার জন্য চীনা সংবাদমাধ্যমে আইনি প্রতিবেদনগুলো আরো বেশি নাটকীয় শিরোনাম দ্বারা তুলে ধরা হয়।

গণমাধ্যমের সংবেদনবাদের সাথে প্রযুক্তির ঘনিষ্ট সম্পর্ক বিদ্যমান। একটি সমীক্ষায় দেখা গেছে বিভিন্ন রঙচঙে ও উত্তেজনাপূর্ণ সংবাদ অনলাইন গণমাধ্যমের সাহায্যে পাঠকের কাছে পৌঁছে দেয়া অনেক বেশি সহজ। এগুলো সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রকাশ করলেই পাঠকেরা তা ভাইরাল করে দেয়। কিন্তু ছাপা বা টেলিভিশন মাধ্যমে সেই সুযোগ নেই (কিলগো ও সিনটা, ২০১৬)।

এদিকে বার্জারস ও গ্রাফ (২০১৩) এর গবেষণা থেকে বোঝা যায়, গণমাধ্যমের সংবেদনবাদ চর্চাকে এগিয়ে নিয়ে যাচ্ছে মূলত ভাষার ব্যবহার; তীব্র, তীক্ষ্ণ, অসংবেদনশীল ও উত্তেজনাপূর্ণ ভাষার ব্যবহার সংবাদের আদল পালটে দেয়।

বিনোদন জগতের তারকাদের সংবাদ এবং ছবি প্রকাশ করে পাঠকদের আকর্ষণ করার একটি স্পষ্ট প্রমাণ মিলেছে গ্র্যান্ট এডওয়ার্ড বক্সলেইটনারের (২০০৭) গবেষণায়, যেখানে 'ইউএসএ টুডে' পত্রিকার পৃষ্ঠাসজ্জা বিশ্লেষণ ও পাঠকদের সাক্ষাৎকার থেকে প্রাপ্ত ফলাফলে পাওয়া যায় যে, পাঠকেরা তারকাদের বিষয়ে সরস খবর পড়তে আগ্রহী।

সংবেদনবাদ চর্চার অন্যতম পরিচিত স্থান হলো শিরোনাম। সংবাদপত্র এবং অনলাইন পোর্টালে এটি লক্ষ্য করা যায় বিশাল মোটা অক্ষরে চমকপ্রদ শব্দের সাথে শিরোনাম প্রকাশ করা হয় পাঠকদের মনোযোগ আকর্ষণের জন্য (ভানাকোর, ২০২১)।

জাতীয় ও ব্যক্তিমালিকানাধীন গণমাধ্যমের মধ্যে সংবেদনবাদের ভিত্তিতে তুলনামূলক বিশ্লেষণের ফল উঠে এসেছে আরেকটি গবেষণায়, যেখানে জাতীয় গণমাধ্যমে ২১টি ও বেসরকারি সংবাদমাধ্যমে ৬৮টি সংবাদ শিরোনামে চাঞ্চল্যকর উপস্থাপনা পাওয়া যায়। এছাড়া লেখার ধরণ, শব্দ, রঙ, বিস্ময়সূচক চিহ্ন, প্রশ্নবোধক চিহ্ন ইত্যাদি ব্যবহার করে সংবাদকে পাঠকদের নিকট নজরকাড়া করে তোলা হয় (গ্যান্‌জ ও এলেমপিয়া, ২০১৯)।

তবে, কারেন এল. স্লাটেরি (২০০৯) বলছেন, সংবেদনবাদ চর্চা সংবাদের নীতিনৈতিকার বিরুদ্ধে প্রশ্ন তোলে। তার গবেষণায় স্বাভাবিক সংবাদ এবং চাঞ্চল্যকর

সংবাদের মধ্যে প্রধান পার্থক্যগুলো ব্যাখ্যা করা হয়েছে এবং গণমাধ্যমের নৈতিক অবক্ষয় ও এর পরিণাম সম্পর্কে আলোচনা প্রকাশ পেয়েছে।

## তাত্ত্বিক পর্যালোচনা

স্টুয়ার্ট হলের রেপ্রিজেন্টেশন তত্ত্বের আলোকে গবেষণায় প্রাপ্ত তথ্যকে বিশ্লেষণ করা হয়েছে। জ্যামাইকান বংশদ্ভূত ব্রিটিশ সংস্কৃতিতাত্ত্বিক স্টুয়ার্ট হলের (১৯৯৭) মতে, রেপ্রিজেন্টেশন হলো ভাষার মাধ্যমে চারপাশের পরিবেশকে অর্থপূর্ণভাবে উপস্থাপন। একই ধরনের অর্থ তৈরি ও বিনিময় হয় একই সংস্কৃতির মানুষের মধ্যে। এসব ক্ষেত্রে কোনো বিষয় বা ঘটনা সম্পর্কে মানুষের মস্তিষ্কে থাকা ধারণা অর্থ তৈরিতে সাহায্য করে। এই ধারণাগুলো যখন ধ্বনি, লিখিত শব্দ ও চিত্রের মাধ্যমে প্রকাশ পায় তখন তাকে চিহ্ন বলা হয়। একই ভাষার ব্যক্তি ধারণা ও চিহ্নের মাধ্যমে অন্য ব্যক্তি ও ঘটনার উপর অর্থ আরোপ করে। ধারণাগুলো চিহ্নের মাধ্যমে উপস্থাপিত হয়। এই চিহ্ন পরে বাচনিক ও অবাচনিক উপায়ে ভাষায় সংগঠিত হয়। একে রেপ্রিজেন্টেশনের নির্মাণবাদী তত্ত্ব বলা হয়েছে (হল, ১৯৯৭)। এ ছাড়া এই তত্ত্বে বর্ণিত আরও দুইটি দৃষ্টিভঙ্গি রয়েছে যার একটিকে বলা হয় প্রতিফলনকারী, অপরটি উদ্দেশ্যমূলক। প্রতিফলনকারী দৃষ্টিভঙ্গি হলো ব্যক্তি, বস্তু ও ঘটনার মধ্যে যে অর্থ থাকে সেটার প্রতিফলন আর উদ্দেশ্যমূলক দৃষ্টিভঙ্গি হলো লেখা বা বক্তব্যেরও মাধ্যমে যেকোনো বিষয়ের উপর নিজস্ব অর্থ আরোপ (হল, ১৯৯৭)। আবার ভাষা অনেক বিমূর্ত বিষয়কেও তুলে ধরে, যেগুলো দেখা বা স্পর্শ করা যায় না, শুধু অনুভব করা যায়। ফলে বলা যায়, ভাষার মধ্যে অর্থ তৈরি হয় রেপ্রিজেন্টেশন পদ্ধতির মাধ্যমে বা অর্থ উৎপাদনযোগ্য চর্চার মাধ্যমে। অর্থাৎ, রেপ্রিজেন্টেশন শুধু একক কোনো ধারণাকে তুলে ধরে না, বরং এর মাধ্যমে বিভিন্ন ধারণার সংগঠিত, গুচ্ছ করা, সাজানো ও শ্রেণিবিভাগ করা হয় এবং তাদের মধ্যে জটিল সম্পর্ক তৈরির চেষ্টা করা হয় (হল, ১৯৯৭)। এখানে গণমাধ্যম কীভাবে আধেয়কে রেপ্রিজেন্ট করে এবং পাঠকের মধ্যে অর্থ তৈরি করে, তা রেপ্রিজেন্টেশনের মাধ্যমে ব্যাখ্যা করা যায়।

## গবেষণা পদ্ধতি

তথ্যের ধরণ ও গবেষণার উদ্দেশ্য সফল করার লক্ষ্যে এখানে আধেয় বিশ্লেষণ পদ্ধতিতে গুণগত গবেষণা করা হয়েছে। এক্ষেত্রে শিরোনামসহ সম্পূর্ণ সংবাদগল্প বিশ্লেষণ করা হয়েছে। সংবাদের আধেয় দেখার পাশাপাশি সংস্কৃতিতে কীভাবে এগুলো ব্যবহৃত হচ্ছে এবং কী অর্থ তৈরি করছে সেটি দেখা হয়েছে। গবেষণার বিষয় অনুসারে যে নির্দিষ্ট তথ্য প্রয়োজন সেগুলো বাংলাদেশের সংবাদপত্র ও অনলাইন পোর্টাল থেকে সংগ্রহ করা হয়েছে।

## নমুনায়ন

বাংলাদেশের সংবাদমাধ্যমের মধ্যে সংবেদনবাদের চর্চার প্রকৃতি অন্বেষণ ও তা বিশ্লেষণের জন্যই এই গবেষণা। দেশের সকল সংবাদমাধ্যমই তথ্য সংগ্রহের জন্য বিবেচ্য হতে পারে। কিন্তু গবেষণার নির্দিষ্ট সময়, সীমাবদ্ধতা ও কাজের সুবিধা বিবেচনায় সকল সংবাদপত্র ও অনলাইন নিউজ পোর্টাল থেকে নির্দিষ্ট সংখ্যক নমুনা নির্ধারণ করা হয়েছে। জাতীয় দৈনিক ও অনলাইন নিউজ পোর্টাল এবং আঞ্চলিক দৈনিক ও আঞ্চলিক অনলাইন পোর্টালগুলো থেকে সর্বাধিক প্রকাশিত সংবাদপত্র ও সর্বাধিক প্রচলিত অনলাইন নিউজ পোর্টালগুলোকে নমুনা হিসাবে নেওয়া হয়েছে। গবেষণার বৈশিষ্ট্য এবং উদ্দেশ্যের ভিত্তিতে এই গবেষণা উদ্দেশ্যমূলক নমুনায়ন দাবি করে।

## নমুনা সংখ্যা

গবেষণাটি বিশ্লেষণ এবং সম্পন্ন করার সুবিধার্থে বাংলাদেশের দুইটি করে সর্বাধিক প্রকাশিত বা প্রচলিত জাতীয় দৈনিক সংবাদপত্র, দুইটি জাতীয় অনলাইন নিউজ পোর্টাল, দুইটি আঞ্চলিক দৈনিক সংবাদপত্র (খুলনা থেকে প্রকাশিত) এবং খুলনার দুইটি আঞ্চলিক অনলাইন পোর্টাল থেকে তথ্য সংগ্রহ করা হয়েছে। তথ্য সংগ্রহের সুবিধার্থে বাংলাদেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলে অবস্থিত তৃতীয় বৃহত্তম শহর খুলনার দুইটি পত্রিকা ও দুইটি অনলাইন নিউজ পোর্টাল বেছে নেওয়া হয়েছে।

বাংলাদেশ চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের (ডিপার্টমেন্ট অব ফিল্ম অ্যান্ড পাবলিকেশন) অক্টোবর, ২০২০ এর সার্কুলেশনসংক্রান্ত তথ্যের ভিত্তিতে জাতীয় দৈনিক হিসেবে *বাংলাদেশ প্রতিদিন* ও *প্রথম আলো* এবং খুলনার আঞ্চলিক দৈনিক হিসেবে *দৈনিক পূর্বাঞ্চল* ও *দৈনিক প্রবাহ* নমুনা নির্ধারণ করা হয়েছে। একই সময়ে র‍্যাংকিং সাইট অ্যালেক্সা ডটকম-এর পদক্রম অনুযায়ী শীর্ষস্থানীয় জাতীয় অনলাইন পোর্টাল হিসেবে *জাগোনিউজ২৪.কম এবং বিডিনিউজ২৪.কম*- এই দুইটি নিউজ পোর্টালকে বেছে নেয়া হয়েছে। খুলনার আঞ্চলিক অনলাইন পোর্টালের ক্ষেত্রে এই ধরণের মান নির্ণয়ের সুযোগ না থাকায় সহজলভ্য দুইটি নিউজ পোর্টাল *খুলনা গেজেট.কম* এবং *সুন্দরবননিউজ.কম* নমুনারূপে নির্ধারণ করা হয়েছে।

উদ্দেশ্যমূলক নমুনায়নের মাধ্যমে উক্ত সংবাদপত্র ও পোর্টালগুলোর অক্টোবর ২০২০ থেকে ফেব্রুয়ারি ২০২১ পর্যন্ত মোট পাঁচ মাসের সংখ্যা থেকে সংবাদ সংগ্রহ করা হয়েছে এবং সপ্তাহের দুই দিনের (মঙ্গল ও বৃহস্পতিবার) সংবাদপত্র থেকে তথ্য সংগ্রহ করা হয়েছে। নির্ধারিত সংবাদপত্রগুলো উক্ত দুই দিনে সংগ্রহ করা গবেষকগণের পক্ষে অনুকূল হওয়ায় এই দুইটি দিন বেছে নেয়া হয়েছে। তবে পর্যবেক্ষণ করে দেখা যায় সপ্তাহের অন্যান্য দিনগুলোতেও সংবাদ পরিবেশনায় বিশেষ পার্থক্য নেই।

মঙ্গলবারের জন্য *দৈনিক প্রথম আলো*, *দৈনিক পূর্বাঞ্চল*, *বিডিনিউজ২৪.কম* এবং *সুন্দরবননিউজ.কম*, অন্যদিকে বৃহস্পতিবারের জন্য *দৈনিক বাংলাদেশ প্রতিদিন*, *দৈনিক প্রবাহ*, *জাগোনিউজ২৪.কম* এবং *খুলনা গেজেট.কম* নেওয়া হয়েছে। মোট ১৬৮টি সংখ্যাকে নমুনা হিসাবে নেওয়া হয়েছে ।

**বিশ্লেষণের একক**

এই গবেষণায় নমুনা হিসেবে নেওয়া আটটি সংবাদ মাধ্যমের সংবাদের বিষয়বস্তু, বাক্য ও শব্দ বিশ্লেষণের একক হিসেবে ধরা হয়েছে। মূলত সংবাদ শিরোনামকে মূল হিসেবে ধরে তথ্য সংগ্রহ করা হয়েছে।

**ফলাফল বিশ্লেষণ ও আলোচনা**

গবেষণার জন্য সংগৃহীত তথ্য এখানে আধেয়-বিশ্লেষণ পদ্ধতিতে পর্যায়ক্রমে আলোচনা, পর্যালোচনা ও বিশ্লেষণ করা হয়েছে। আলোচনার সুবিধার জন্য সংগৃহীত সংবাদ শিরোনামগুলোকে কয়েকটি শ্রেণিতে ভাগ করা হয়েছে। এগুলো হলো:

ক) **অতিনাটকীয় উপস্থাপন:** এই গবেষণায় পরিলক্ষিত হয় যে, সংবাদ শিরোনামে অযাচিত শব্দ যোগ করে পাঠকদের মধ্যে চাঞ্চল্য ও বিভ্রান্তি সৃষ্টির চেষ্টা করা হয়েছে, যেন নাটকীয় শিরোনামের প্রতি তারা আকৃষ্ট হন এবং কৌতুহলের বশে সংবাদটি পড়তে আগ্রহী হয়ে ওঠেন, যদিও অধিকাংশ ক্ষেত্রে সংবাদের শিরোনাম ও মূল সংবাদের মধ্যে মিল পাওয়া যায়নি। সংগৃহীত শিরোনামগুলোর মধ্যে অপরাধ ও সহিংসতার অসংবেদনশীল বর্ণনা রয়েছে পাঠকদের দৃষ্টি আকর্ষণের জন্য, যেগুলো পাঠকের মানসিক উদ্বিগ্নতা বৃদ্ধি ও শ্বাসরুদ্ধকর পরিস্থিতি সৃষ্টি করতে পারে।

খ) **জেন্ডার অসংবেদনশীলতা ও যৌন সহিংসতার অসংবেদনশীল উপস্থাপন:** গবেষণায় তথ্য বিশ্লেষণে বেশকিছু শিরোনামে নারীর বৈবাহিক পরিচয়কে মুখ্য করা হলেও, পুরুষের ক্ষেত্রে এ ধরনের নমুনা পাওয়া যায়নি। অর্থাৎ সমাজে প্রচলিত ধারণার চর্চাই শিরোনামে প্রকাশ পেয়েছে। শিরোনামগুলিতে নারীর প্রতি যৌন নির্যাতনের সরাসরি ও স্পষ্ট বর্ণনা দেখা যায় যেটির উদ্দেশ্য পাঠকদের দৃষ্টি আকর্ষণ। ভুক্তভোগীর প্রতি অসংবেদনশীল শব্দ বা বাক্যের উপস্থিতির মাধ্যমে শিরোনামে গণমাধ্যম্যের নিরপেক্ষতা ও নীতি-নৈতিকতা লঙ্ঘন করা হয়েছে। সংবাদমূল্য না থাকার পরও মানুষের একান্ত ব্যক্তিগত জীবন, বিষয় বা ঘটনাকে কেন্দ্র করে শিরোনামকে অতিরঞ্জিত এবং আকর্ষণীয় করার চেষ্টা করা হয়েছে।

গ) **সংবাদে অতিরঞ্জন:** শিরোনামে অযাচিত শব্দ, শব্দগুচ্ছ বা বাক্যাংশ ব্যবহার করে সংবাদকে অতিরঞ্জিত বা চাঞ্চল্যকর করা হয়েছে।

এই পর্যায়ে নমুনাকৃত সংবাদপত্র এবং নিউজ পোর্টালগুলির সংবাদ শিরোনামগুলো এখানে শ্রেণিবদ্ধ করা হয়েছে। এখানে *দৈনিক বাংলাদেশ প্রতিদিন* পত্রিকার একুশটি সংখ্যা থেকে পনেরটি শিরোনামে সংবেদনবাদ বিষয়টি পরিলক্ষিত হয়।

**অতিনাটকীয় উপস্থাপন:**

(১) বর্ডারে প্রিয়মনি
এখানে 'বর্ডার' একটি চলচিত্রের নাম যেখানে নায়িকা হিসেবে থাকছেন অভিনেত্রী প্রিয়মনি ("বর্ডারে প্রিয়মনি", ২০২০)। কিন্তু শিরোনামের উপস্থাপনায় ভিন্ন অর্থ প্রকাশ পাচ্ছে যা পাঠকদের বিভ্রান্ত করতে পারে।

(২) অশুভ তাপসী
সংবাদে অভিনেত্রী তাপসী পান্নুর বলিউডে আসা ও তার শ্রম ও সংগ্রামের গল্প উঠে এসেছে এবং সেখানে তার কিছু ব্যর্থতার কথাও ছিল যার জের ধরে শিরোনামে তাকে অশুভ হিসাবে বিবেচনা করা হয়েছে ("অশুভ তাপসী", ২০২০)।

(৩) ভালবাসায় অতিষ্ঠ অপর্ণা
উক্ত শিরোনাম দ্বারা নাটকের একটি দৃশ্যের বর্ণনা দেয়া হয়েছে ("ভালবাসায় অতিষ্ঠ অপর্ণা", ২০২০)। তবে এমন শিরোনাম পাঠকদের বিভ্রান্ত করতে যথেষ্ট।

(৪) নকল দম্পতি ইয়াস-প্রিয়ম
এই শিরোনামের সংবাদটি পড়লে দেখা যায় যে সেখানে নাটকের দৃশ্যের বর্ণনা দেয়া হয়েছে। অন্যদিকে দর্শকের মনোযোগ কাড়তে এমন অতিনাটকীয় শিরোনাম ব্যবহৃত হয়েছে। ("নকল দম্পতি ইয়াস-প্রিয়ম", ২০২০)।

(৫) ডার্লিংস আলিয়া
'ডার্লিংস' মূলত একটি চলচিত্রের নাম যেখানে আলিয়া ভাট অভিনয় করবেন ("ডার্লিংস আলিয়া", ২০২১)। কিন্তু সংবাদ শিরোনাম দেখে মনে হতে পারে ভিন্ন কিছু।

(৬) প্রধানমন্ত্রীর ঘর পেলেন প্রতিবন্ধী রুবি
সংবাদে বলা হয়েছে যে সরকার কর্তৃক একজন প্রতিবন্ধী নারীকে সাহায্যস্বরূপ একটি বাড়ি দেয়া হয় ("প্রধানমন্ত্রীর ঘর পেলেন প্রতিবন্ধী রুবি", ২০২০)। কিন্তু শিরোনামটি পড়ে মনে হয় যেন প্রধানমন্ত্রীর বাড়িতেই স্থান পেয়েছেন সেই প্রতিবন্ধী।

(৭) যুবককে গলা কেটে হত্যা

শিরোনামটি পাঠকদের দৃষ্টি আকর্ষণ করতে 'গলা কেটে' শব্দগুচ্ছ ব্যবহৃত হয়েছে, তবে শিরোনামে অপরাধের এমন বর্ণনা অসংবেদনশীলতার বহিঃপ্রকাশ ("যুবককে গলা কেটে হত্যা", ২০২০)।

(৮) বসতঘরে গৃহবধূর গলা কাটা লাশ

সংবাদ শিরোনামে 'গলা কাটা' শব্দগুচ্ছ দ্বারা অপরাধের অসংবেদনশীল বর্ণনা দেয়া হয়েছে ("বসতঘরে গৃহবধূর  গলা কাটা লাশ", ২০২০)।

(৯) চট্টগ্রামে অভিনব কৌশলে ইয়াবা পাচার

উক্ত শিরোনাম শুনে মনে হতে পারে যে, এখানে অপরাধের প্রশংসা করা হচ্ছে ("চট্টগ্রামে অভিনব কৌশলে ইয়াবা পাচার", ২০২০)। যেকোনো অপরাধ ও দুর্নীতিতে 'অভিনব কৌশল' বলে আখ্যা দেয়া অনুচিত।

(১০) কুমিল্লায় ফিল্মি স্টাইলে গুলি ও কুপিয়ে যুবলীগ কর্মী খুন

এই শিরোনামটির উপস্থাপনায় 'ফিল্মি স্টাইলে' শব্দগুচ্ছ দ্বারা সহিংস ঘটনার প্রতি অনুপ্রেরণা ও প্রশংসা প্রকাশ পেয়েছে ("কুমিল্লায় ফিল্মি স্টাইলে গুলি ও কুপিয়ে যুবলীগ কর্মী খুন", ২০২০)।

**সংবাদে অতিরঞ্জন:**

(১১) মুন্সীগঞ্জে প্রেমিক যুগলসহ চার জনের লাশ উদ্ধার

এখানে দুই ব্যক্তির মধ্যে ব্যক্তিগত সম্পর্ক অর্থাৎ 'প্রেমিক যুগলসহ' শব্দগুলো গণমাধ্যমের জন্য গুরুত্বপূর্ণ নয়, বরং চারটি লাশের সংবাদ গুরুত্বপূণ; কিন্তু প্রেমিক যুগল সম্বোধন করে শিরোনামটি চাঞ্চল্যকর রূপ দেয়া হয়েছে ("মুন্সীগঞ্জে প্রেমিকযুগলসহ চার জনের লাশ উদ্ধার", ২০২০)।

**জেন্ডার অসংবেদনশীলতা ও যৌন সহিংসতার অসংবেদনশীল উপস্থাপন:**

(১২) গোসলের ভিডিও দেখিয়ে জিম্মি করে ধর্ষণ, যুবক গ্রেফতার

শিরোনামটি ছিল একজন নারীর যৌন হয়রানি বিষয়ক এবং নিঃসন্দেহে খুব সংবেদনশীল বিষয় ("গোসলের ভিডিও দেখিয়ে জিম্মি করে ধর্ষণ, যুবক গ্রেফতার", ২০২০)। এখানে ঘটনার এত গভীর বর্ণনা না করে বিষয়টিকে যৌন হয়রানি ও ধর্ষণ হিসেবে উল্লেখ করা যেতে পারে।

(১৩) গাজীপুরে গণধর্ষণ অভিনেত্রীকে, ভাবীকে ধর্ষণ নারায়ণগঞ্জে

সংবাদটির বিষয়বস্তু অনুযায়ী 'দেশের বিভিন্ন জায়গায় একাধিক ধর্ষণের ঘটনা' এরূপ বর্ণনায় শিরোনামটিকে পরিমার্জন করার মাধ্যমে অসংবেদনশীলতা হ্রাস

করা সম্ভব ("গাজীপুরে গণধর্ষণ অভিনেত্রীকে, ভাবীকে ধর্ষণ নারায়ণগঞ্জে", ২০২১)।

(১৪) নগ্ন ভিডিও নিয়ে ব্ল্যাকমেইল করায় প্রেমিকাকে হত্যা
শিরোনামটিতে পাঠকদের দৃষ্টি আকর্ষণ করার জন্য অপরাধের বিষয় সম্পর্কে অতিরিক্ত ব্যাখ্যা এবং 'নগ্নতা' শব্দটির অসংবেদনবেদশীল উপস্থাপন করা হয়েছে। ("নগ্ন ভিডিও নিয়ে ব্ল্যাকমেইল করায় প্রেমিকাকে হত্যা", ২০২১)।

(১৫) নেত্রকোণায় ফুফার বিরুদ্ধে ধর্ষণ মামলা
সংবাদটিতে ধর্ষণে অভিযুক্ত ব্যক্তির কথা বলা হয়েছে যা তখনও প্রমাণিত হয়নি; তদুপরি ভুক্তভুগীর আত্মীয় পরিচয় দিয়ে শিরোনামটিকে আরও অতিরঞ্জিত করা হয়েছে ("নেত্রকোণায় ফুফার বিরুদ্ধে ধর্ষণ মামলা", ২০২১)।

*দৈনিক প্রথম আলো* পত্রিকার একুশটি সংখ্যা থেকে আটটি শিরোনামে সংবেদনবাদ বিষয়টি পরিলক্ষিত হয় যা নিম্নে আলোচনা করা হয়েছে:

**অতিনাটকীয় উপস্থাপন:**

(১) শাহরুখ খান এর বাড়ি আর অক্ষয় এর টাকা চান কারিনা
সংবাদে বলা হয়েছে, করিনা কাপুর বলিউডের স্বনামধন্য তারকাদের কাছে তাদের কোন কোন বিশেষ যোগ্যতা অর্জন করতে চান এবং সেখানে বেশ কয়েকজন তারকার কথা উল্লেখ ছিল ("শাহরুখ খান এর বাড়ি আর অক্ষয় এর টাকা চান করিনা", ২০২০)। কিন্তু শিরোনামটি সংবাদের ভিন্ন অর্থ প্রকাশ করছে। শিরোনামটি শুধুমাত্র শাহরুখ খান এবং অক্ষয় কুমারকে মূখ্য করে অতি-নাটকীয়তার সৃষ্টি করেছে।

(২) কয়টি সন্তান চান জাস্টিন বিবার
সংবাদে বলা হয়েছে, বিবার মনে করেন সন্তান জন্মের সিদ্ধান্তের জন্য তার স্ত্রীর উপর নির্ভর করা উচিত কারণ শরীর যেহেতু তার, তাই এটি তার সিদ্ধান্ত ("কয়টি সন্তান চান জাস্টিন বিবার", ২০২০)। কিন্তু শিরোনামের উপস্থাপনা সম্পূর্ণ ভিন্ন তথ্যের আবহ তৈরী করে।

(৩) বিশ্ব আমার পা নিয়েই আলাপ করছিলো
বিনোদন পৃষ্ঠার এই শিরোনামে হলিউড অভিনেত্রী ক্রিস্টেন স্টুয়ার্টসের র‍্যাম্প শো নিয়ে একটি সংবাদ প্রকাশিত হয় যেখানে তিনি তার স্বাচ্ছন্দ্যের জন্য জুতাবিহীন পায়ে হেঁটেছিলেন ("বিশ্ব আমার পা নিয়েই আলাপ করছিলো", ২০২০)। কিন্তু সেই শিরোনাম বলছে অন্য কথা।

(৪) দশ বছরে সোনাক্ষীর ৮৪ কোটি টাকা আয়

বিনোদন পাতার বলিউড তারকাদের বিভিন্ন অর্জন ও আয় নিয়ে প্রকাশিত সংবাদটির শিরোনামে শুধুমাত্র পাঠকের মনোযোগ আকর্ষণ করার জন্য সোনাক্ষী সিনহার আয়কে ফলাও করে প্রকাশ করা হয়েছে ("দশ বছরে সোনাক্ষীর ৮৪ কোটি টাকা আয়", ২০২০)। মূল সংবাদ এবং শিরোনামের মধ্যে পার্থক্য তৈরী হয়েছে তা বিভ্রান্তিকর।

(৫) আর নগ্ন হবেন না কেইরা

সংবাদে কেইরা বলেছিলেন যে তিনি ''পুরুষের অনুমান'' কে প্রভাবিত করতে চান না এবং নিজেকে যৌন পণ্য হিসাবে উপস্থাপন করতে তার আপত্তি আছে ("আর নগ্ন হবেন না কেইরা", ২০২১)। তবে সংবাদটিকে আরো নজরকাড়া করতে শিরোনামে "নগ্নতার" বিষয়টি তুলে ধরেছে প্রথম আলো।

(৬) বুনো হাওয়া বইছে মিগান ফক্সের মনে

হলিউড সেলিব্রেটি মেগান ফক্সের ব্যক্তিগত জীবন নিয়ে একটি সংবাদগল্প প্রকাশিত হয়েছিল যার শিরোনামটি অতিরঞ্জিত ("বুনো হাওয়া বইছে মিগান ফক্সের মনে", ২০২১)।

(৭) বাংলাদেশ এখন ক্ষুধার্ত

খেলার পাতায় পাওয়া সংবাদটিতে বাংলাদেশ ক্রিকেটের সফলতার আকাঙ্ক্ষাকে বোঝানো হয়েছে ("বাংলাদেশ এখন ক্ষুধার্ত", ২০২০)। তবে শিরোনামটি পড়ে কোভিডকালীন মন্দা, দারিদ্র্য এবং ক্ষুধার বিষয়টি মনে হতে পারে। এখানে শিরোনামটি এমন হতে পারত "জয়ের ক্ষুধা বাংলাদেশের"।

**জেন্ডার অসংবেদনশীলতা ও যৌন সহিংসতার অসংবেদনশীল উপস্থাপন:**

(৮) গন্তব্যে পৌঁছে দিতে গিয়ে দুই দফায় দুই জনের ধর্ষণ

শিরোনামটি একটি যৌন সহিংসতার এমন বর্ণনা প্রদান করেছে যা পাঠকদের মনে সংবেদন গৃষ্টি করতে পারে ("গন্তব্যে পৌঁছে দিতে গিয়ে দুই দফায় দুই জনের ধর্ষণ", ২০২০)। অতিরিক্ত ব্যাখ্যা ছাড়াও উপস্থাপনা অসংবেদনশীল।

খুলনার আঞ্চলিক সংবাদপত্র *দৈনিক পূর্বাঞ্চল* পত্রিকার একুশটি সংখ্যা থেকে চারটি শিরোনাম সংগৃহীত হয়েছে:

**জেন্ডার অসংবেদনশীলতা ও যৌন সহিংসতার অসংবেদনশীল উপস্থাপন:**

(১) সাভারে রাতে দরজা ভেঙে তরুণীকে ধর্ষণের অভিযোগ

সংবাদটি ছিল অভিযুক্ত ব্যক্তিকে কেন্দ্র করে কিন্তু, তদন্তাধীন ঘটনা নিয়ে যৌন সহিংসতার এমন অতিরিক্ত বর্ণনা শিরোনামটিকে চাঞ্চল্যকর করে তুলেছে ("সাভারে রাতে দরজা ভেঙে তরুণীকে ধর্ষণের অভিযোগ", ২০২০)।

(২) নারীকে বিবস্ত্র করে নির্যাতনের ভিডিও অপসারণে বিটিআরসিকে নির্দেশ
যৌন হয়রানির সেই সংবাদটিতে ‘বিবস্ত্র’ শব্দটি বারবার উল্লেখ করা হয়েছে যা অসংবেদনশীল (“নারীকে বিবস্ত্র করে নির্যাতনের ভিডিও অপসারণে বিটিআরসিকে নির্দেশ”, ২০২০)।

(৩) বিবস্ত্র করে গৃহবধূ নির্যাতন, ধর্ষণের প্রতিবাদে বিক্ষুব্ধ সারাদেশ
‘বিবস্ত্র’ শব্দ এই শিরোনামে ব্যবহার করা জরুরী নয়, এখানে মূল বিষয় যৌন হয়রানি (“বিবস্ত্র করে গৃহবধূ নির্যাতন, ধর্ষণের প্রতিবাদে বিক্ষুব্ধ সারাদেশ’, ২০২০)। তাছাড়া ধর্ষণের বর্ণনা বারবার তুলে ধরা হয়েছে পাঠকদের মধ্যে উত্তেজনা গৃষ্টি করতে এবং সংবাদের কাটতি বাড়ানোর স্বার্থে।

**সংবাদে অতিরঞ্জন:**

(৪) দেশ ব্যাপী নারী নির্যাতন ও জেনা-ব্যাভিচার রোধ করতে ইমাম পরিষদের ১২ দফা প্রস্তাবনা
শিরোনামটিতে ‘জেনা-ব্যভিচার’ শব্দগুচ্ছ দ্বারা নির্দিষ্ট ধর্মীয় নীতির প্রকাশ পেয়েছে (“দেশব্যাপী নারী নির্যাতন ও জেনা-ব্যাভিচার রোধ করতে ইমাম পরিষদের ১২ দফা প্রস্তাবনা, ২০২০)। নিরপেক্ষতা বজার স্বার্থে শিরোনামটি এভাবে হতে পারে, ‘দেশব্যাপী নারী নির্যাতন ও অসামাজিক কার্যক্রম রোধ করতে ইমাম পরিষদের ১২ দফা প্রস্তাবনা’।

খুলনার আঞ্চলিক সংবাদপত্র *দৈনিক প্রবাহ* পত্রিকার একুশটি সংখ্যা থেকে সাতটি শিরোনামে সংবেদনবাদ লক্ষণীয়।

**অতিনাটকীয় উপস্থাপন:**

(১) মিথিলা আউট, সারিকা ইন
সংবাদে বলা হয়েছে একটি টেলিভিশন অনুষ্ঠানে অভিনেত্রী মিথিলার পরিবর্তে সারিকা উপস্থাপনা শুরু করেন (“মিথিলা আউট, সারিকা ইন”, ২০২০)। সংবাদে শিরোনামটি বিভ্রান্তিকর ও শব্দের ব্যবহার শ্রুতিমধুর নয়।

**সংবাদে অতিরঞ্জন:**

(২) বিয়ের প্রলোভনে ধর্ষণের পর হত্যা, মানিকগঞ্জে যুবকের যাবজ্জীবন
বিয়ের প্রতিশ্রুতিতে অন্তরঙ্গ হওয়া এবং পরবর্তীতে বিয়েতে অসম্মতি জানানো এক প্রকার প্রতারণা। তাই সংবাদে একে ধর্ষণ বলা হয়েছে, যা অনুচিত (“বিয়ের প্রলোভনে ধর্ষণের পর হত্যা, মানিকগঞ্জে যুবকের যাবজ্জীবন, ২০২০)।

(৩) যশোরে গৃহবধূকে চাকু ঠেকিয়ে জোরপূর্বক ধর্ষণের অভিযোগে মামলা
জোরপূর্বক বা অনিচ্ছাসত্ত্বেও যৌন সম্পর্ক স্থাপন করাই ধর্ষণ। সংবাদটিতে ধর্ষণকে জোরপূর্বক বলে আখ্যা দিয়ে অতিরঞ্জিত করা হয়েছে ("যশোরে গৃহবধূকে চাকু ঠেকিয়ে জোরপূর্বক ধর্ষণের অভিযোগে মামলা", ২০২১)।

(৪) ঘরে ঢুকে গৃহবধূকে ধর্ষণ, গ্রেফতার ৩
কীভাবে ধর্ষণের শিকার হয়েছে শিরোনামে তা ব্যাখ্যা করে চাঞ্চল্য তৈরি করে পাঠকের দৃষ্টি আকর্ষণের চেষ্টা করা হয়েছে ("ঘরে ঢুকে গৃহবধূকে ধর্ষণ, গ্রেফতার ৩", ২০২০)।

(৫) ভেড়ামারায় যুবতীর হাত-পা বাধা বিবস্ত্র লাশ উদ্ধার
সংবাদটি একটি লাশ উদ্ধার সম্পর্কে, কিন্তু সেখানে 'যুবতী', 'বিবস্ত্র' ইত্যাদি শব্দগুলোর ব্যবহার করে পাঠকমনে সংবেদন সৃষ্টি করা হয়েছে ("ভেড়ামারায় যুবতীর হাত-পা বাধা বিবস্ত্র লাশ উদ্ধার", ২০২১)।

**জেন্ডার অসংবেদনশীলতা ও যৌন সহিংসতার অসংবেদনশীল উপস্থাপন:**

(৬) শ্যামনগরে ধর্ষিতার ভাইকে নির্যাতন
সংবাদটির মূল বক্তব্য ছিল একজন পুরষের উপর সহিংসতা কেন্দ্রিক। পূর্বে ঐ ব্যক্তির বোন ধর্ষণের শিকার হয়েছিলেন এবং সেই ধর্ষণের ঘটনাকে শিরোনামে উল্লেখ করে পাঠকের দৃষ্টি আকর্ষণের চেষ্টা করা হয়েছে। অন্যদিকে ধর্ষণের ভুক্তভোগী একজন নারীকে 'ধর্ষিতা' বলে পরিচয় দেয়া অসংবেদনশীলতার পরিচায়ক, এক্ষেত্রে 'ধর্ষণের শিকার নারী' বলে পরিচয় দেয়া যেতে পারে। ("শ্যামনগরে ধর্ষিতার ভাইকে নির্যাতন", ২০২০)।

(৭) স্কুলছাত্রীর নগ্ন ছবি ফেইসবুকে ছড়িয়ে দেওয়ায় যুবক আটক
সংবাদটি মূলত যৌন হয়রানি বিষয়ক, কিন্তু শিরোনামটিতে 'নগ্ন' শব্দটি ব্যবহার করে চাঞ্চল্যকর রূপ দেয়া হয়েছে ("স্কুলছাত্রীর নগ্ন ছবি ফেইসবুকে ছড়িয়ে দেওয়ায় যুবক আটক", ২০২০)।

জাতীয় অনলাইন পোর্টাল *জাগোনিউজ২৪.কম*-এর ২৬টি শিরোনামে সংবেদনবাদ বিষয়টি পরিলক্ষিত হয়।

**অতিনাটকীয় উপস্থাপন:**

(১) ভাইয়ের সাথে দ্বন্দ্ব তারিনের
এই শিরোনামে নাটকের একটি দৃশ্যের কথা বলা হয়েছে তবে এমন শিরোনাম দেখে পাঠক প্রথম নজরে বিভ্রান্ত হতে পারে ("ভাইয়ের সাথে দ্বন্দ্ব তারিনের", ২০২০)।

(২) কত টাকায় পাওয়া যায় রণবীর কাপুরকে
বিনোদন বিষয়ক সংবাদটিতে নায়ক রণবীরের পারিশ্রমিকের কথা বলা হয়েছে, তবে শিরোনামের উপস্থাপনায় রয়েছে অতিনাটকীয়তা ("কত টাকায় পাওয়া যায় রণবীর কাপুরকে", ২০২০)।

(৩) বিয়ে ভাঙতে সাফা কবিরের দুষ্টুমি
বিনোদন বিষয়ক সংবাদের এই শিরোনাম পড়ে মনে হতে পারে বাস্তব জীবনে সাফা কবিরের তার বিয়ে ভাঙার পরিকল্পনা করছেন, কিন্তু নাটকের দৃশ্যের কাহিনী নিয়ে করা এই শিরোনাম পাঠকদের আকৃষ্ট করতে ব্যবহার করা হয়েছে ("বিয়ে ভাঙতে সাফা কবিরের দুষ্টুমি", ২০২০)। কিন্তু সংবাদের সাথে শিরোনামের অর্থগত অমিল তৈরী হয়েছে।

(৪) সাহসী সাবিলার প্রেমে বখাটে অপূর্ব
এটিও একটি নাটকের দৃশ্য যা শিরোনাম হিসাবে রচনা করা হয়েছে যাতে পাঠকেরা কৌতুহলের বশে সংবাদটি পড়তে আগ্রহী হয় ("সাহসী সাবিলার প্রেমে বখাটে অপূর্ব", ২০২১)।

(৫) মাহতাব হোসেনের প্রিয় কবিতায় পঙ্গু কবি সজল
এখানে মাহতাব হোসেন পরিচালিত 'প্রিয় কবিতা' নাটকে একজন পক্ষাঘাতগ্রস্থ ব্যক্তির চরিত্রে অভিনয় করেছেন অভিনেতা আবদুন নূর সজল ("মাহতাব হোসেনের প্রিয় কবিতায় পঙ্গু কবি সজল", ২০২০)। কিন্তু শিরোনামটি বিভ্রান্তিকর।

(৬) অপূর্ব রানার যন্ত্রণায় বাপ্পী
এই সংবাদে বলা হয়, অপূর্ব রানা পরিচালিত চলচিত্রে অভিনয় করতে যাচ্ছেন বাপ্পী ("অপূর্ব রানার যন্ত্রণায় বাপ্পী", ২০২১)। কিন্তু শিরোনামে তা উপস্থাপন করা হয়েছে নাটকীয়ভাবে।

(৭) জিৎ এর ঘরে দেবের প্রেমিকা
সংবাদে লক্ষ্য করা যায় যে, একটি চলচিত্রে অভিনয় করছেন জিৎ ও রুক্মিণী মৈত্র; দেবের সঙ্গে রুক্মিণী মৈত্রের সম্পর্ক থাকতে পারে যা তাদের ব্যক্তিগত বিষয়, কিন্তু সংবাদের শিরোনামের রুক্মিণী মৈত্রকে দেবের প্রেমিকা হিসেবে পরিচয় দেয়া হয়েছে ("জিৎ এর ঘরে দেবের প্রেমিকা", ২০২০)। শিরোনামের উপস্থাপনাটি একটি বিতর্কিত অর্থ তৈরি করেছে।

(৮) মায়ের মৃত্যুর পরদিন মারা গেলেন বজরঙ্গী ভাইজানের অভিনেতা
সংবাদের গল্পে 'বজরঙ্গি ভাইজান' চলচ্চিত্রের পার্শ্ব চরিত্র হরিশ বাঞ্চতার মৃত্যুকে বোঝানো হয়েছে ("মায়ের মৃত্যুর পরদিন মারা গেলেন বজরঙ্গী ভাইজানের অভিনেতা", ২০২০)। 'বজরঙ্গি ভাইজান' চলচ্চিত্রের কেন্দ্রীয় চরিত্রে অভিনয়

করেছেন সালমান খান। যদি 'বজরঙ্গি ভাইজান' চলচ্চিত্রের অভিনেতা উল্লেখ করা হয়, সাধারণত পাঠকরা সালমান খানের কথা ভাবতে পারেন; এবং শিরোনামের অর্থ দাঁড়ায় যে, সালমান খান তার মায়ের মৃত্যুর পরদিন মারা গেছেন।

(৯) হৃত্বিক জানালেন তার সেক্সি হয়ে ওঠার গল্প
সংবাদে অভিনেতাকে যৌন আবেদনময় হিসেবে বোঝানো হয়েছে, যদিও এখানে চলচ্চিত্রে তার চরিত্র সম্পর্কে কথা বলেছেন ("হৃত্বিক জানালেন তার সেক্সি হয়ে ওঠার গল্প", ২০২০)। কিন্তু শিরোনামে তা উপস্থাপন করেছে চাঞ্চল্যকর ভঙ্গিতে।

(১০) সাকিব-মাহির রোমান্স অবশেষে পাঁচতারা হোটেলে
সংবাদে বলা হয়েছে একটি পাঁচতারকা হোটেলে চলচ্চিত্রের মহড়ায় অংশ নিয়েছেন শাকিব খান ও মাহিয়া মাহি ("সাকিব-মাহির রোমান্স অবশেষে পাঁচতারা হোটেলে", ২০২০)। তবে পাঠকদের আকৃষ্ট করার জন্য এই শিরোনাম অতিরঞ্জিত করা হয়েছে।

(১১) মারপিট করতে শাহরুখের সাথে দুবাই যাচ্ছেন জন আব্রাহাম
একটি চলচ্চিত্রের দৃশ্যকে শিরোনাম হিসাবে রচনা করা হয়েছে সংবাদকে অতি আকর্ষনীয় করার জন্য ("মারপিট করতে শাহরুখের সাথে দুবাই যাচ্ছেন জন আব্রাহাম, ২০২১)

(১২) ২০ বছরের ছেলে আছে ইমরান হাশমি ও সানি লিওনের
একজন ছাত্রের বিশ্ববিদ্যালয়ের বাবা-মায়ের নামের স্থানে ইমরান হাশমি এবং সানি লিওনের নাম নিবন্ধিত হয়েছে ("২০ বছরের ছেলে আছে ইমরান হাশমি ও সানি লিওনের", ২০২০)। এই সমস্যাটি তদন্তাধীন রয়েছে তবে পাঠকদের আকৃষ্ট করার জন্য এই শিরোনাম অতিরঞ্জিত ও বিকৃতভাবে উপস্থাপন করা হয়েছে।

(১৩) ফিল্ম ছাড়া সব পেশাতেই সফল করিনার 'বোন'
সৌম্য ট্যান্ডন একটি ছবিতে করিনা কাপুরের সঙ্গে বোনের ভূমিকায় অভিনয় করেছিলেন, যিনি করিনার আপন বোন নন ("ফিল্ম ছাড়া সব পেশাতেই সফল করিনার 'বোন'", ২০২১)। শিরোনামে অভিনেত্রীকে তার চলচ্চিত্রের চরিত্র দ্বারা পরিচয় করিয়ে দেয়া হয়েছে যা নিঃসন্দেহে অতিরঞ্জিত এবং পাঠকদের মধ্যে ভুল ধারণা তৈরি করতে পারে।

(১৪) ছেলের জন্য শাহরুখ খানের আফসোস
ইনস্টাগ্রামের মন্তব্যের ভিত্তিতে শিরোনামটি লেখা হয়েছে যেখানে স্ত্রী ও সন্তানদের একটি ছবির মন্তব্যে শাহরুখ খান সন্তানদের সাথে থাকার ইচ্ছা প্রকাশ করেন ("ছেলের জন্য শাহরুখ খানের আফসোস", ২০২১)। কিন্তু শিরোনাম ভিন্ন অর্থ প্রকাশ করছে।

(১৫) বাপ্পির টানে গভীর রাতে ঘরের বাইরে অপু বিশ্বাস

সংবাদটিতে চলচিত্রের দৃশ্যকে তুলে ধরা হয়েছে কিন্তু শিরোনাম শুনে মনে হতে পারে বাস্তব ঘটনা ("বাপ্পির টানে গভীর রাতে ঘরের বাইরে অপু বিশ্বাস", ২০২০)।

(১৬) কক্ষে মিলল শিশুর ঝুলন্ত লাশ, কারণ প্রেমঘটিত নাকি অন্যকিছু

সংবাদ অনুসারে, মৃতদেহটি ছিল আঠারো বছরের কম বয়সী একটি মেয়ের এবং সেখানে এমন কোনও সূত্র পাওয়া যায়নি যে ঘটনাটি প্রেমঘটিত ("কক্ষে মিলল শিশুর ঝুলন্ত লাশ, কারণ প্রেমঘটিত নাকি অন্যকিছু", ২০২০)। এই শিরোনাম ব্যবহার করার কারণ শুধুমাত্র পাঠকের মনে বিভ্রান্তি সৃষ্টি করে তাকে আকৃষ্ট করা।

(১৭) স্বামী দেশে ফেরার পর স্ত্রীর আত্মহত্যা

সংবাদে বলা আছে যে, স্বামী দেশে ফেরার পর দীর্ঘ চার মাস একসঙ্গে ছিলেন এই দম্পতি এবং পরবর্তীতে স্ত্রী আত্মহত্যা করেন ("স্বামী দেশে ফেরার পর স্ত্রীর আত্মহত্যা", ২০২০)। কিন্তু শিরোনামে ভিন্ন অর্থ প্রকাশ পেয়েছে।

(১৮) মনপুরায় আরেক 'পাপিয়া'

বহিষ্কৃত যুব মহিলা লীগ নেত্রী শামীমা নূর পাপিয়া একজন অপরাধী। অপরাধ করেছে এমন কাউকে পাপিয়া নামে সম্বোধন করা অনুচিত। এ সংবাদে বিভিন্ন অপরাধে সন্দেহভাজন একজন উপজেলা ভাইস চেয়ারম্যান পারভিন আক্তার রেবুকে পাপিয়া নামে সম্বোধন করা হচ্ছে ("মনপুরায় আরেক 'পাপিয়া'", ২০২১)।

(১৯) বলিউড তারকারা যে কারণে মালদ্বীপে যান

সংবাদটিতে মালদ্বীপের সমুদ্র সৈকতে বলিউড তারকাদের ইন্সটাগ্রাম অ্যাকাউন্টে পোস্ট করা কিছু ছবি প্রকাশ করা হয়েছে, যেগুলো ছিল তাদের ব্যক্তিগত মুহূর্তের ("বলিউড তারকারা যে কারণে মালদ্বীপে যান", ২০২০)। কিন্তু এখানে বিষয়টিকে চাঞ্চল্যকর করা হয়েছে, যার কোনো সংবাদমূল্য নেই।

**জেন্ডার অসংবেদনশীলতা ও যৌন সহিংসতার অসংবেদনশীল উপস্থাপন:**

(২০) বরিশালে প্রাথমিকের দুই শিক্ষকের বিশেষ মুহূর্তের ছবি ভাইরাল

যদি কারো ব্যক্তিগত তথ্য দুর্ঘটনাবশত ইন্টারনেটে ভাইরাল হয়ে যায়, গণমাধ্যমের তা নিয়ে সংবাদ তৈরি করা একধরণের সংবেদনবাদের চর্চা। অনলাইন পোর্টালটিতে বেশি ক্লিক/ভিউ পাওয়ার জন্য এ ধরণের সংবাদ প্রকাশ করা হয়েছে, যা নৈতিকভাবে অন্যায্য ("বরিশালে প্রাথমিকের দুই শিক্ষকের বিশেষ মুহূর্তের ছবি ভাইরাল", ২০২০)।

(২১) গৃহবধূকে বিবস্ত্র করে নির্যাতন: মেম্বারসহ দুইজনের দায় স্বীকার

শিরোনামে যৌন সহিংসতাকে এভাবে সরাসরি বর্ণনা করে অসংবেদনশীলতার চর্চা করা হয়েছে ("গৃহধূকে বিবস্ত্র করে নির্যাতন: মেম্বারসহ দুইজনের দায় স্বীকার", ২০২০)। ভুক্তভুগীর ক্ষেত্রে 'নগ্ন' ও 'বিবস্ত্র' ইত্যাদি শব্দের ব্যবহার বর্জন করাই শ্রেয়।

(২২) বরিশালে ধর্ষণে কিশোরী অন্তঃসত্ত্বা

শিরোনামটির মূল বক্তব্য হল ধর্ষণের কারণে একজন কিশোরী গর্ভবতী হয়েছে, যা অসংবেদনশীল। এখানে গর্ভধারণের বিষয়টি নয়, বরং সংবাদমূল্যের দিক থেকে অপরাধ হিসেবে ধর্ষণের ঘঠনাটি গুরুত্বপূর্ণ ("বরিশালে ধর্ষণে কিশোরী অন্তসত্ত্বা", ২০২০) ।

(২৩) ঘরে ঢুকে গহৃবধূকে ধর্ষণ: যুবলীগের নেতা রিমান্ডে

শিরোনামে অতিরিক্ত বর্ণনা লক্ষ্য করা গেছে ("ঘরে ঢুকে গহৃবধূকে ধর্ষণ: যুবলীগের নেতা রিমান্ডে", ২০২০)। শিরোনামটি সংযতরূপে লেখা যায়, 'ধর্ষণের মামলায় যুবলীগ নেতা রিমান্ডে'।

(২৪) ফুসলিয়ে বাড়িতে নিয়ে এলো বন্ধু, ধর্ষণ করলো প্রেমিক

এই সংবাদের সংবাদমূল্যের দিক থেকে প্রধান কেন্দ্রবিন্দু হল যৌন হয়রানি (ধর্ষণ) যা খুবই সংবেদনশীল বিষয়, তাই শব্দ ব্যবহারে আরও সতর্ক হওয়া উচিত, কারণ এই ধরনের শব্দ 'ফুসলিয়ে' (প্রলোভিত করে) সংবাদের গুরুত্ব হ্রাস করে ("ফুসলিয়ে বাড়িতে নিয়ে এলো বন্ধু, ধর্ষণ করলো প্রেমিক", ২০২০)

(২৫) প্রবাসীর স্ত্রীকে ধর্ষণের অভিযোগে আ.লীগ নেতা কারাগারে

সংবাদটিতে একজন নারীকে তার স্বামীর পরিচয়ে পরিচিত করে জেন্ডার অসংবেদনশীল আচরণ করা হয়েছে ("প্রবাসীর স্ত্রীকে ধর্ষণের অভিযোগে আ.লীগ নেতা কারাগারে", ২০২০)। শিরোনামটি পরিমার্জন করে লেখা যেতে পারে, 'ধর্ষণের অভিযোগে আওয়ামীলীগ নেতা কারাগারে'।

(২৬) স্বামী পরিত্যাক্তা নারীকে ধর্ষণের দায়ে যাবজ্জীবন কারাদণ্ড

স্বামীর সাথে সম্পর্ক বিচ্ছিন্ন হওয়া একজন নারীর পরিচয় হতে পারেনা। মূলত সংবাদটি ধর্ষণের ঘটনাকেন্দ্রিক, কিন্তু জেন্ডার অসংবেদনশীল শব্দ (স্বামী পরিত্যাক্তা নারী) ব্যবহার করে শিরোনামটিকে পাঠকের দৃষ্টিগোচর করার চেষ্টা করা হয়েছে ("স্বামী পরিত্যাক্তা নারীকে ধর্ষণের দায়ে যাবজ্জীবন কারাদণ্ড", ২০২০)

জাতীয় অনলাইন পোর্টাল *বিডিনিউজ২৪.কম*-এর পাঁচটি শিরোনামে সংবেদনবাদ বিষয়টি পরিলক্ষিত হয়।

**অতিনাটকীয় উপস্থাপন:**

(১) প্রতিদিন মুরগীর মাংস খাওয়ার পরিণাম

শিরোনামে 'পরিণাম' শব্দটি ব্যবহার করার কারণে মনে হতে পারে মুরগির মাংস খাওয়া স্বাস্থ্যের উপর নেতিবাচক প্রভাব ফেলে, তবে পুরো সংবাদ পড়ে দেখা যায় আমিষ হিসাবে মুরগির মাংস খাওয়ার গুরুত্ব সম্পর্কে বলা হয়েছে ("প্রতিদিন মুরগীর মাংস খাওয়ার পরিণাম", ২০২১)। সুতরাং, শিরোনাম এবং সংবাদের মধ্যে একটি পার্থক্য লক্ষ্য করা যায়। তাছাড়া এমন শিরোনাম ব্যবহার করা হয়েছে পাঠকের দৃষ্টি আকর্ষণ করার জন্য।

(২) মেসি না খেললেই বার্সা জেতে

শিরোনামে অরলান্দো গাত্তির একটি মন্তব্য তুলে ধরা হয়েছে, তবে সেখানে কোনো উদ্ধৃতি চিহ্ন ব্যবহার করা হয়নি বা মন্তব্যটি কার সেটাও উল্লেখ করা হয়নি ("মেসি না খেললেই বার্সা জেতে", ২০২১)। ফলে শিরোনামে অর্থই পরিবর্তিত হয়ে গেছে।

(৩) বিবস্ত্র করে নির্যাতন-দেলোয়ারের মাছের খামারে গুলি বোমা

সংবাদটি মূলত মাছের খামারে গুলি ও বোমা হামলা নিয়ে। অভিযুক্ত ব্যক্তি পূর্বে একটি যৌন সহিংসতার ঘটনায় জড়িত ছিল। অভিযুক্ত ব্যক্তির অতীত কার্যকলাপ উল্লেখ করে শিরোনামটিকে চাঞ্চল্যকর করা হয়েছে। দুটি পৃথক ঘটনা এমনভাবে শিরোনামে নিয়ে আসা হয়েছে, যা পাঠকমনে বিভ্রান্তি তৈরি করে ("বিবস্ত্র করে নির্যাতন-দেলোয়ারের মাছের খামারে গুলি বোমা", ২০২০)।

**জেন্ডার অসংবেদনশীলতা ও যৌন সহিংসতার অসংবেদনশীল উপস্থাপন:**

(৪) নারীকে বিবস্ত্র করে নির্যাতনে ১৪ জনের বিরুদ্ধে অভিযোগপত্র

নারী নির্যাতনের বিষয়ে সংবেদনশীল হওয়া সাংবাদিকতার নৈতিকতা হিসেবে বিবেচনা করা হয়। সুতরাং, শব্দ চয়নে সতর্ক হওয়া প্রয়োজন। শিরোনামটিতে 'বিবস্ত্র করে নির্যাতন' শব্দগুচ্ছ দ্বারা জেন্ডার অসংবেদনশীলতা ও যৌন সহিংসতার অসংবেদনশীল উপস্থাপন করা হয়েছে ("নারীকে বিবস্ত্র করে নির্যাতনে ১৪ জনের বিরুদ্ধে অভিযোগপত্র", ২০২০)।

(৫) নীলফামারিতে স্বামীর পুরুষাঙ্গ কেটে স্ত্রী কারাগারে
শিরোনামটিতে যৌন সহিংসতার সরাসরি বর্ণনা দিয়ে অসংবেদনশীলতার পরিচয় দেয়া হয়েছে ("নীলফামারিতে স্বামীর পুরুষাঙ্গ কেটে স্ত্রী কারাগারে", ২০২০)। গণমাধ্যমের এই ধরণের বিষয় সতর্কতার সাথে প্রকাশ করা উচিত কারণ এটি পাঠকদের মধ্যে নেতিবাচক প্রভাব ফেলতে পারে।

খুলনার আঞ্চলিক অনলাইন পোর্টাল *খুলনা গেজেট.কম*-এর পাঁচটি শিরোনামে সংবেদনবাদ বিষয়টি পরিলক্ষিত হয়।

**অতিনাটকীয় উপস্থাপনা:**

(১) ছয় বোকাকে নিয়ে সারা শহর জুড়ে কী করছেন ফারুকী
সংবাদে 'ছয় বোকা' মানে মোস্তফা সাওয়ার ফারুকীর শুটিং ইউনিটের ছয়জন লোককে বোঝানো হয়েছে এবং তিনি শুটিংয়ের উদ্দেশ্যে শহরজুড়ে ঘুরে বেড়াচ্ছিলেন ("ছয় বোকাকে নিয়ে সারা শহর জুড়ে কী করছেন ফারুকী", ২০২১)। বিষয়টি শিরোনামে নাটকীয়ভাবে লেখা হয়েছে, যা বিভ্রান্তিকর।

**জেন্ডার অসংবেদনশীলতা ও যৌন সহিংসতার অসংবেদনশীল উপস্থাপন:**

(২) পাবনায় প্রবাসীর স্ত্রীর ধর্ষণ মামলায় আ'লীগ নেতা গ্রেফতার
সংবাদটির মূখ্য বিষয় ধর্ষণ ও ধর্ষণ মামলায় অভিযুক্ত ব্যক্তি। ধর্ষণের শিকার হওয়া নারীর পরিচয় এখানে গুরুত্বপূর্ণ নয়। 'প্রবাসীর স্ত্রী' সম্বোধনে একজন নারীকে স্বামীর পরিচয়ে পরিচয় করিয়ে শিরোনামটিকে চাঞ্চল্যকর রূপ দেয়া হয়েছে ("পাবনায় প্রবাসীর স্ত্রীর ধর্ষণ মামলায় আ'লীগ নেতা গ্রেফতার", ২০২০)।

(৩) নারায়ণগঞ্জে পুলিশ সদস্যের বিরুদ্ধে দুই সন্তানের জননীকে ধর্ষণের অভিযোগে মামলা
এখানে যৌন সহিংসতাই মূল বিষয়। শিরোনামটিতে নারীর সন্তানের সংখ্যা উল্লেখ করে অতিরঞ্জিত করে তোলা হয়েছে ("নারায়ণগঞ্জে পুলিশ সদস্যের বিরুদ্ধে দুই সন্তানের জননীকে ধর্ষণের অভিযোগে মামলা", ২০২০)। নারীর পরিচয় হলো তিনি 'নারী', স্বামী, সন্তান তার মূল পরিচয় নয়।

(৪) কারাগারে নারীসঙ্গ, ১৮ কর্মকর্তা-কর্মচারীকে দায়ী করে তদন্ত প্রতিবেদন
সংবাদের প্রধান বিষয় হল আদালতে অভিযুক্ত ব্যক্তির ক্ষমতার চর্চা তুলে ধরা, কিন্তু সেখানে 'নারীসঙ্গ' শব্দটি ব্যবহার করে সংবেদন সৃষ্টি করা হয়েছে ("কারাগারে নারীসঙ্গ, ১৮ কর্মকর্তা-কর্মচারীকে দায়ী করে তদন্ত প্রতিবেদন", ২০২১)।

(৫) বন্ধুদের প্রলোভনে বেড়াতে গিয়ে তরুণী গণধর্ষণের শিকার
শিরোনামের উপস্থাপনা নিরপেক্ষ নয়। এখানে 'প্রলোভন' শব্দ ব্যবহার করে ভুক্তভোগীকে দোষারোপ করার ইঙ্গিত পাওয়া যায় ("বন্ধুদের প্রলোভনে বেড়াতে গিয়ে তরুণী গণধর্ষণের শিকার", ২০২০)।

খুলনার আঞ্চলিক অনলাইন পোর্টাল *সুন্দরবননিউজ.কম*-এর একটি শিরোনামে সংবেদনবাদ বিষয়টি পরিলক্ষিত হয়।

**অতিনাটকীয় উপস্থাপন:**

(১) হৃদয় ভেঙে গেছে বাইডেনের
সংবাদে বলা হয়েছে, মার্কিন রাষ্ট্রপতি জো বাইডেন বিশ্বব্যাপী কোভিড-১৯ মহামারীর কারণে মর্মাহত হয়েছিলেন। ("হৃদয় ভেঙে গেছে বাইডেনের", ২০২১)। তবে শিরোনামের উপস্থাপনায় তা অতিনাটকীয় রূপ পেয়েছে। শিরোনাম লেখার ক্ষেত্রে এসব উপায় অবলম্বন করা হয় মূলত পাঠকের নজর সংবাদে আটকে ফেলার জন্য যাতে সংবাদপত্রের কাটতি ও অনলাইন সাবস্ক্রিপশন বৃদ্ধি হয় তথা ব্যবসায়িক লাভ অর্জন করা যায়।

গবেষণায় তুলনামূলক বিশ্লেষণের ফলাফলে দেখা যায়, (টেবিল ১) জাতীয় অনলাইন পোর্টাল *জাগোনিউজ২৪.কম* এ সর্ব্বোচ্চ ২৬টি এবং জাতীয় দৈনিক সংবাদপত্র *দৈনিক বাংলাদেশ প্রতিদিন* এ ১৫টি চাঞ্চল্যকর শিরোনামে অসংবেদনশীল সংবাদ প্রকাশিত হয়েছে। অন্যান্য সংবাদপত্র ও অনলাইন নিউজ পোর্টালের ক্ষেত্রেও এই সংখ্যা শূন্যের কোঠায় নয়।

গবেষণায় প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে দেখা যায় জাতীয় ও আঞ্চলিক গণমাধ্যমগুলোর মধ্যে জাতীয় পর্যায়ের অনলাইন নিউজ পোর্টালে অসংবেদনশীল সংবাদ প্রকাশের চর্চা সর্ব্বোচ্চ (৩১টি)। এরপরের অবস্থানে রয়েছে মূল ধারার জাতীয় দৈনিক পত্রিকা (২৩টি)। এখানে সার্কুলেশন ও ইন্টারনেটের মাধ্যমে সহজে মানুষের কাছে পৌঁছে যাওয়ার ক্ষেত্রে অর্থাৎ ক্লিক বেইট-এর কারণে শিরোনামে নীতিনৈতিকতার চেয়ে সংবাদকে মুখরোচক করে তোলার প্রতি বেশি গুরুত্ব দেয়া হচ্ছে। জাতীয় পর্যায়ের গণমাধ্যমগুলোর তুলনায় আঞ্চলিক গণমাধ্যমগুলোতে অসংবেদনশীল সংবাদ প্রকাশের চর্চা কম। জাতীয় পর্যায়ের গণমাধ্যমগুলোতে যেখানে ৫৪টি অসংবেদনশীল সংবাদ প্রকাশিত হয়েছে, সেখানে আঞ্চলিক পর্যায়ের দৈনিক পত্রিকা ও অনলাইন নিউজ পোর্টালে ১৭টি অসংবেদনশীল সংবাদ প্রকাশিত হয়েছে।

**টেবিল ১: সংগৃহীত শিরোনামগুলোর তুলনামূলক বিশ্লেষণ**

| সংবাদপত্র ও অনলাইন পোর্টালের নাম | অতিনাটকীয় উপস্থাপন | জেন্ডার অসংবেদনশীলতা ও যৌন সহিংসতার অসংবেদনশীল উপস্থাপন | সংবাদে অতিরঞ্জন | অসংবেদনশীল সংবাদ সংখ্যা |
|---|---|---|---|---|
| বাংলাদেশ প্রতিদিন | ১০ | ৪ | ১ | ১৫ |
| প্রথম আলো | ৭ | ১ | - | ৮ |
| দৈনিক পূর্বাঞ্চল | - | ৩ | ১ | ৪ |
| দৈনিক প্রবাহ | ১ | ২ | ৪ | ৭ |
| জাগোনিউজ ২৪.কম | ১৯ | ৭ | - | ২৬ |
| বিডিনিউজ ২৪.কম | ৩ | ২ | - | ৫ |
| খুলনা গেজেট.কম | ১ | ৪ | - | ৫ |
| সুন্দরবননিউজ.কম | ১ | - | - | ১ |
| মোট | ৪২ | ২৩ | ৬ | ৭১ |

গবেষণায় প্রাপ্ত ফলাফলে অসংবেদনশীল সংবাদগুলো বিশ্লেষণ করলে দেখা যায়, সংবাদগুলোর শিরোনাম ও মূল সংবাদের মধ্যে অসামঞ্জস্যতা পাওয়া যায়। অপরাধ ও সহিংসতা এবং বিনোদনমূলক সংবাদগুলোকে চাঞ্চল্যকর ও অতিরঞ্জন করা হয়েছে। এ ছাড়া সংবেদনবাদের একটি গুরুত্বপূর্ণ অংশ হিসেবে জেন্ডার সংবেদনশীলতার অভাবও প্রকটভাবে দেখা গেছে।

এভাবে সংবাদগুলোতে শিরোনাম তৈরির ক্ষেত্রে যে ধরনের ভাষা ব্যবহার করা হয়েছে তাতে করে গণমাধ্যমগুলোতে প্রকৃতপক্ষে সামাজিক চর্চায় সংবেদনবাদকে অর্থাৎ অতিরঞ্জন, চাঞ্চল্য সৃষ্টিকারী শব্দ ও বাক্যকে পাঠকের জন্য স্বাভাবিক করে তোলার চেষ্টা পরিলক্ষিত হয়েছে। এখানে 'অভিনব কৌশল', 'ফিল্মি স্টাইল', 'প্রলোভনের মাধ্যমে ধর্ষণ', 'সেক্সি' ইত্যাদি শব্দের ব্যবহার সংবাদের মূল বিষয়বস্তুকে হালকা করে দিয়ে বরং চটকদার করে তোলা হচ্ছে।

এই গবেষণায় উঠে আসার তথ্যের ভিত্তিতে তাই বলা যায়, বাংলাদেশের সংবাদমাধ্যমে সংবেদনবাদের চর্চা আছে। বিশেষ করে সহিসংস সংবাদ ও জেন্ডার আলোচনায় ছাঁচীকরণ লক্ষ্যণীয়। এর ফলে সাংবাদিকতার নৈতিকতাও প্রশ্নের মুখে পড়ছে। এ ছাড়া সংবাদপত্রের অন্যান্য উপাদান যেমন, ছবি, শব্দ নিয়ে পরবর্তীতে গবেষণা করা গেলে আরো বিশদভাবে ফলাফল বিশ্লেষিত হতে পারে।

## উপসংহার

খবরের কাটতি বাড়ানোর পুরানো কৌশল হিসেবে বাংলাদেশের সংবাদমাধ্যমে অতিনাটকীয় উপস্থাপন, জেন্ডার অসংবেদনশীলতা ও যৌন সহিংসতার অসংবেদনশীল

উপস্থাপন, সংবাদে অতিরঞ্জন, অপরাধ সহিংসতার অসংবেদনশীল উপস্থাপন, ভুক্তভুগীকে দোষারোপ, ব্যক্তিগত বিষয় দৃষ্টিগোচর করা- এ ধরণের সংবেদনবাদ চর্চা করছে। একবার পাঠকের দৃষ্টি আকর্ষণ করার পর বিভিন্ন তথ্য জটিল, আপাত-অবিশ্বাস্য, বিভ্রান্তিকরভাবে উপস্থাপন করে সেগুলোকে যৌক্তিক করে তোলার চেষ্টা করে সংবাদমাধ্যমগুলো। গণমাধ্যম এক্ষেত্রে সফলও হচ্ছে কারণ সংবাদের বিক্রি বাড়ছে। সাধারণ পাঠকেরা না বুঝেই চাঞ্চল্যকর তথ্যের জালে ধরা পড়ে আর এর ফলস্বরূপ গণমাধ্যমগুলো তাদের প্রকৃত মূল্য হারায়। পাঠক স্বভাবগতভাবেই চাঞ্চল্যকর সংবাদের প্রতি আকৃষ্ট হয়, আর এই কারণেই সংবাদে চাঞ্চল্যকর সংবাদ এখনো পরিবেশিত হচ্ছে। তবে পাঠকের স্বভাব যাই হোক, রাষ্ট্রের চতুর্থ স্তম্ভ হিসেবে গণমাধ্যমের সামাজিক দায়বদ্ধতা আছে। সমাজকে পরিবর্তন করা কিংবা সংবেদনশীল পাঠক বা দর্শক গড়ে তোলার মতো ক্ষমতা তার আছে। পাশাপাশি গণমাধ্যম নানামুখী চাপ নিয়ে সংবাদ পরিবেশন করে। এর মধ্যে অতিরঞ্জিত ও চাঞ্চল্যকর সংবাদ পরিবেশন সাংবাদিকতাকে যেমন প্রশ্নের মুখে ফেলে, তেমনি সংবাদের গুরুত্ব পাঠকের কাছে দুর্বল করে তোলে। সুতরাং, অনৈতিক অনুশীলন বন্ধ করা উচিত কারণ মানুষ নির্ভরযোগ্য তথ্যের জন্য গণমাধ্যমের উপর নির্ভর করে। তাই সংবেদনবাদ উসকে না দিয়ে, গণমাধ্যমের আচরণ আরও দায়িত্বশীল হওয়া প্রয়োজন।

## তথ্যসূত্র


ওয়াং, তাই-লি। (২০১২)। প্রেজেন্টেশন অ্যান্ড ইম্পেক্ট অব মার্কেট ড্রাইভেন জার্নালিজম অন সেনসেশনালিজম ইন গ্লোবাল টিভি নিউজ। *ইন্টারন্যাশনাল কমিউনিকেশন গেজেট*, ৭৪(৮), ৭১১-৭২৭। https://doi.org/10.1177/1748048512459143

কাপলান, এল রিচার্ড। (২০০৮)। ইয়োলো জার্নালিজম। *দি ইন্টারন্যাশনাল এনসাইক্লপিডিয়া অব কমিউনিকেশন*। ১১, ৫৩৬৯-৫৩৭০। https://www.academia.edu/8114924/Yellow_Journalism_of_the_1890s_Encyclopedia_Entry

কালোগেরোপুলাস, এন্টোনিস ও ফ্লিৎচার, রিচার্ড। (২০১৯)। হোয়াট ডু পিপল থিংক এবাউট দ্য নিউজ মিডিয়া? *ডিজিটাল নিউজ রিপোর্ট*। https://www.digitalnewsreport.org/survey/2019/what-do-people-think-about-the-news-media/

কিলগো, ডেনিয়েল কে., ও সিনটা, ভিনিসিও। (২০১৬)। সিক্স থিংস ইউ ডিডেন্ট নো এবাউট হেডলাইন রাইটিং: সেনসেশনালিস্টিক ফর্ম ইন ভাইরাল নিউজ কন্টেন্ট ফ্রম ট্রাডিশনাল এন্ড ডিজিটালি নেটিভ নিউজ অর্গানাইজেশনস। *রিসার্চ জার্নাল অব দ্য ইন্টারন্যাশনাল সিম্পোজিয়াম অন অনলাইন জার্নালিজম (আইএসওজে)*, ৬(১), ১১১-১৩০। https://www.researchgate.net/profile/James-

Breiner/publication/303765927_The_Economics_of_Accountability_Journalism_What_Price_Is_Right/links/5751491208ae02ac12759238/The-Economics-of-Accountability-Journalism-What-Price-Is-Right.pdf#page=112

কেইন-আরজু, ডিসেরি এল. পি.। (২০১৬)। *সেনসেশনালিজম ইন নিউজপেপারস: আ লুক এট দ্য রিপোর্টার অ্যান্ড আমান্ডলা ইন বেলিজ ২০১০-২০১৪*। দ্য রচেস্টার ইন্সটিটিউট অব টেকনোলজি।

https://www.proquest.com/openview/553a2fe392b4b48c277ab64997244439/1?pq-origsite=gscholar&cbl=18750

গে, ইয়ানফেং। (২০১৫)। সেনসেশনালিজম ইন মিডিয়া ডিসকোর্স: আ জনরা-বেইজড এনালাইসিস অব চাইনিজ লিগ্যাল নিউজ রিপোর্টস। *ডিসকোর্স এন্ড কমিউনিকেশনস, ১০*(১), ২২-৩৯।

https://journals.sagepub.com/doi/abs/10.1177/1750481315602395

গ্যান্জ, কিন্সলে ইয়ঙ্গা ও এলেমপিয়া, ফরচা ডমিনিক। (২০১৯)। সেনসেশনালিজম ইন জার্নালিজম: এনালাইসিস অব প্রাইভেট এন্ড পাবলিক প্রিন্ট মিডিয়া কভারেজ অব ক্রাইসিস সিচুয়েশনস ইন ক্যামেরুন। *জার্নাল অব ম্যাস কমিউনিকেশন এন্ড জার্নালিজম,* ৯(২)। https://www.hilarispublisher.com/open-access/sensationalism-in-journalism-practice-analysis-of-private-and-public-print-media-coverage-of-crisis-situations-in-camero.pdf

হল, স্টুয়ার্ট। (১৯৯৭)। *দ্য ওয়ার্ক অব রিপ্রেজেন্টেশন: কালচারাল রিপ্রেজেন্টেশন এন্ড সিগনিফায়িং প্র্যাক্টিস*। সেইজ।

ফ্রাই, উইলিয়াম বি.। (২০০৫)। *আ কোয়ালিটেটিভ এনালাইসিস অব সেনসেশনালিজম ইন মিডিয়া*। ওয়েস্ট ভার্জিনিয়া ইউনিভার্সিটি।

https://www.proquest.com/openview/f215efe040139b0d86f888c43f78dfe8/1?pq-origsite=gscholar&cbl=18750&diss=y

বক্সলেইটনার, গ্র্যান্ট এডওয়ার্ড। (২০০৭)। "সেক্সি সেনসেশনালিজম কেস স্টাডি: দ্য ফেসিনেশন উইথ সেলিব্রিটি নিউজ এন্ড হোয়াই ইউএসএ টুডে ক্যাটারস ট্যু দ্য অবসেশন"। *ইউনিভার্সিটি অব সাউথ ফ্লোরিডা*।

https://digitalcommons.usf.edu/etd/642/

বার্জারস, ক্রিশ্চিয়ান, ও গ্রাফ, এ্যানেকে ডে। (২০১৩)। ল্যাঙ্গুয়েজ ইনটেনসিটি অ্যাজ আ সেনসেশনালিস্টিক নিউজ ফিচার: দ্য ইনফ্লুয়েন্স অব স্টাইল অন সেনসেশনালিজম পারসেপশন্স অ্যান্ড ইফেক্টস। *কমিউনিকেশনস- দ্য ইউরোপীয়ান জার্নাল অব কমিউনিকেশন রিসার্চ, ৩৮*(২), ১৬৭-১৮৮।

https://www.degruyter.com/document/doi/10.1515/commun-2013-0010/html

ভেটেহেন, পল হেনড্রিক্স ও ক্লিম্যান্স, মারিস্কা। (২০১৭)। প্রুভিং দ্য অবভিয়াস? হোয়াট সেনসেশনালিজম কনট্রিবিউটস টু দ্য টাইম স্পেন্ট অন নিউজ ভিডিও। *ইলেক্ট্রনিক নিউজ,* ১২(২), ১১৩-১২৭।

https://journals.sagepub.com/doi/full/10.1177/1931243117739947

ভ্যানাকোর, রাইলন। (নভেম্বর ১২, ২০২১)। সেনসেশনালিজম ইন মিডিয়া। *রিপোর্টার*। https://reporter.rit.edu/news/sensationalism-media

ডেভিস, হ্যাঙ্ক ও ম্যাকলিওড, এস. লিন্ডসে। (২০০৩)। হোয়াই হিউম্যান্স ভ্যালু সেনসেশনাল নিউজ: আন ইভ্যালুয়েশনারি পারসপেক্টিভ। *ইভোলিউশন এন্ড হিউম্যান বিহেভিয়ার*, ২৪(৩), ২০৮-২১৬।

https://www.sciencedirect.com/science/article/abs/pii/S1090513803000126

লোয়ি, লিন্ডসে। (২০১৬)। *ক্রাইং উলফ: এন এন্যালাইসিস অব দ্য ইউজ অব সেনসেশনাল কন্টেন্ট উইদিন দ্য মিডিয়া এন্ড দ্য ডিসেনসিটাইজিং ইফেক্টস ইট হ্যাজ অন অডিয়েন্সেস*। সান জোস স্টেট ইউনিভার্সিটি।

https://www.proquest.com/openview/a87ef46dbc3f2653324f79da27af933c/1?pq-origsite=gscholar&cbl=18750

ল্যাসওয়েল, হ্যারোল্ড ডি। (১৯৪৮)। দ্য স্ট্রাকচার এন্ড ফাংশন অব কমিউনিকেশন ইন সোসাইটি। *দ্য কমিউনিকেশন অব আইডিয়াস*, ৩৭ (১), ২১৫-২২৮। https://asset-pdf.scinapse.io/prod/2290526371/2290526371.pdf

স্ল্যাটেরি, কারেন এল.। (১৯৯৪)। সেনসেশনালিজম ভার্সেস নিউজ অব দ্য মোর‍্যাল লাইফ: মেকিং দ্য ডিসটিংকশন। *জার্নাল অব ম্যাস মিডিয়া এথিক্স*, ৯(১), ৫-১৫। https://www.tandfonline.com/doi/abs/10.1207/s15327728jmme0901_1

স্টিফেনস, মিশেল। (২০০৭)। *আ হিস্ট্রি অব নিউজ* (তৃতীয় সংস্করণ)। অক্সফোর্ড ইউনিভার্সিটি প্রেস।

## সংযুক্তি:

## গবেষণায় ব্যবহৃত সংবাদের তথ্যসূত্র

অশুভ তাপসী (১১ নভেম্বর ২০২০)। *বাংলাদেশ প্রতিদিন*।

অপূর্ব রানার যন্ত্রণায় বাপ্পী (২৫ ফেব্রুয়ারি ২০২১)। *জাগোনিউজ২৪.কম*। https://www.jagonews24.com/entertainment/news/646361

আর নগ্ন হবেন না কেইরা (২৬ জানুয়ারি, ২০২১)। *প্রথম আলো*।

কয়টি সন্তান চান জাস্টিন বিবার (২০ অক্টোবর ২০২০)। *প্রথম আলো*।

কত টাকায় পাওয়া যায় রণবীর কাপুরকে (৮ অক্টোবর ২০২০)। *জাগোনিউজ২৪.কম*। https://www.jagonews24.com/entertainment/news/614180

কক্ষে মিলল শিশুর ঝুলন্ত লাশ, কারণ প্রেমঘটিত নাকি অন্যকিছু (১ অক্টোবর ২০২০)। *জাগোনিউজ২৪.কম*। https://www.jagonews24.com/country/news/614416

কারাগারে নারীসঙ্গ, ১৮ কর্মকর্তা-কর্মচারীকে দায়ী করে তদন্ত প্রতিবেদন (৪ ফেব্রুয়ারি ২০২১)। *খুলনা গেজেট.কম*। https://tinyurl.com/mvhtpck8

কুমিল্লায় ফিল্মি স্টাইলে গুলি ও কুপিয়ে যুবলীগ কর্মী খুন (১২ নভেম্বর, ২০২০)। *বাংলাদেশ প্রতিদিন*।

গৃহবধূকে বিবস্ত্র করে নির্যাতন: মেম্বারসহ দুইজনের দায় স্বীকার (৮ অক্টোবর, ২০২০)। *জাগোনিউজ২৪.কম*। https://www.jagonews24.com/country/news/615937

গন্তব্যে পৌঁছে দিতে গিয়ে দুই দফায় দুই জনের ধর্ষণ (২০ অক্টোবর ২০২০)। *প্রথম আলো*।

গোসলের ভিডিও দেখিয়ে জিম্মি করে ধর্ষণ, যুবক গ্রেফতার (৩১ ডিসেম্বর ২০২০)। *বাংলাদেশ প্রতিদিন*।

গাজীপুরে গণধর্ষণ অভিনেত্রীকে, ভাবীকে ধর্ষণ নারায়ণগঞ্জে (২১ ফেব্রুয়ারি ২০২১)। *বাংলাদেশ প্রতিদিন*।

ঘরে ঢুকে গৃহবধূকে ধর্ষণ, গ্রেফতার ৩ (২২ অক্টোবর ২০২০)। *দৈনিক প্রবাহ*।

ঘরে ঢুকে গৃহবধূকে ধর্ষণ: যুবলীগের নেতা রিমান্ডে (২২অক্টোবর ২০২০)। *জাগোনিউজ২৪.কম*। https://www.jagonews24.com/country/news/618968

ছেলের জন্য শাহরুখ খানের আফসোস (১১ ফেব্রুয়ারি ২০২১)। *জাগোনিউজ২৪.কম*। https://www.jagonews24.com/entertainment/news/642849

ছয় বোকাকে নিয়ে সারা শহর জুড়ে কী করছেন ফারুকী (৪ ফেব্রুয়ারি ২০২১)। *খুলনা গেজেট.কম*। https://tinyurl.com/38x2cdy6

জিৎ এর ঘরে দেবের প্রেমিকা (৫ নভেম্বর ২০২০)। *জাগোনিউজ২৪.কম*। https://www.jagonews24.com/entertainment/news/621568

হৃত্বিক জানালেন তার সেক্সি হয়ে ওঠার গল্প (২৬ নভেম্বর ২০২০)। *জাগোনিউজ২৪.কম*। https://www.jagonews24.com/entertainment/bollywood/625782

হৃদয় ভেঙে গেছে বাইডেনের (২৩ ফেব্রুয়ারি ২০২১)। *সুন্দরবননিউজ.কম*। https://tinyurl.com/37uyfj7c

ডার্লিংস আলিয়া (১৮ ফেব্রুয়ারি ২০২১)। *বাংলাদেশ প্রতিদিন*।

দশ বছরে সোনাক্ষীর ৮৪ কোটি টাকা আয় (২৪ নভেম্বর ২০২০)। *প্রথম আলো*।

দেশ ব্যাপী নারী নির্যাতন ও জেনা-ব্যাভিচার রোধ করতে ইমাম পরিষদের ১২ দফা প্রস্তাবনা (১৩ অক্টোবর ২০২০)। *দৈনিক পূর্বাঞ্চল*।

নকল দম্পতি ইয়াস-প্রিয়ম (১৪ জানুয়ারি ২০২১)। *বাংলাদেশ প্রতিদিন*।

নগ্ন ভিডিও নিয়ে ব্ল্যাকমেইল করায় প্রেমিকাকে হত্যা (১৮ ফেব্রুয়ারি ২০২১)। *বাংলাদেশ প্রতিদিন*।

নারীকে বিবস্ত্র করে নির্যাতনের ভিডিও অপসারণে বিটিআরসিকে নির্দেশ (৬ অক্টোবর ২০২০)। *দৈনিক পূর্বাঞ্চল*।

নেত্রকোণায় ফুফার বিরুদ্ধে ধর্ষণ মামলা (৮ অক্টোবর ২০২০)। *বাংলাদেশ প্রতিদিন*।

নারীকে বিবস্ত্র করে নির্যাতনে ১৪ জনের বিরুদ্ধে অভিযোগপত্র (১৫ ডিসেম্বর ২০২০)। *বিডিনিউজ২৪.কম*। https://bangla.bdnews24.com/samagrabangladesh/article1837638.bdnews

নীলফামারিতে স্বামীর পুরুষাঙ্গ কেটে স্ত্রী কারাগারে (১৯ নভেম্বর ২০২০)। *বিডিনিউজ২৪.কম*। https://bangla.bdnews24.com/samagrabangladesh/article1825340.bdnews

নারায়ণগঞ্জে পুলিশ সদস্যের বিরুদ্ধে দুই সন্তানের জননীকে ধর্ষণের অভিযোগে মামলা (৮ অক্টোবর ২০২০)। *খুলনা গেজেট.কম*। https://tinyurl.com/3ys9hvwp

প্রধানমন্ত্রীর ঘর পেলেন প্রতিবন্ধী রুবি (১৫ অক্টোবর ২০২০)। *বাংলাদেশ প্রতিদিন*।

প্রবাসীর স্ত্রীকে ধর্ষণের অভিযোগে আ.লীগ নেতা কারাগারে (৮ অক্টোবর ২০২০)। *জাগোনিউজ২৪.কম*। https://www.jagonews24.com/country/news/615924

প্রতিদিন মুরগীর মাংস খাওয়ার পরিণাম (৫ জানুয়ারি ২০২১)। *বিডিনিউজ২৪.কম*। https://bangla.bdnews24.com/lifestyle/article1844884.bdnews

পাবনায় প্রবাসীর স্ত্রীর ধর্ষণ মামলায় আ'লীগ নেতা গ্রেফতার (৮ অক্টোবর ২০২০)। *খুলনা গেজেট.কম*। https://tinyurl.com/2pak4um8

ফিল্ম ছাড়া সব পেশাতেই সফল করিনার 'বোন' (৪ ফেব্রুয়ারি ২০২১)। *জাগোনিউজ২৪.কম*। https://www.jagonews24.com/entertainment/news/641109

ফুসলিয়ে বাড়িতে নিয়ে এলো বন্ধু, ধর্ষণ করলো প্রেমিক (১৯ অক্টোবর ২০২০)। *জাগোনিউজ২৪.কম*। https://www.jagonews24.com/country/news/624421

বিশ্ব আমার পা নিয়েই আলাপ করছিলো (৩ নভেম্বর ২০২০)। *প্রথম আলো*।

বুনো হাওয়া বইছে মিগান ফক্সের মনে (২ ফেব্রুয়ারি ২০২১)। *প্রথম আলো*।

বাংলাদেশ এখন ক্ষুধার্ত (৩ নভেম্বর ২০২০)। *প্রথম আলো*।

বর্ডারে প্রিয়মনি (১৯ নভেম্বর ২০২০)। *বাংলাদেশ প্রতিদিন*।

বসতঘরে গৃহবধূর গলা কাটা লাশ (১১ নভেম্বর ২০২০)। *বাংলাদেশ প্রতিদিন*।

বিবস্ত্র করে গৃহবধূ নির্যাতন, ধর্ষণের প্রতিবাদে বিক্ষুব্ধ সারাদেশ (৬ অক্টোবর ২০২০*)। দৈনিক পূর্বাঞ্চল*।

বিয়ের প্রলোভনে ধর্ষণের পর হত্যা, মানিকগঞ্জে যুবকের যাবজ্জীবন (২২ অক্টোবর ২০২০)। *দৈনিক পূর্বাঞ্চল*।

বিয়ে ভাঙতে সাফা কবিরের দুষ্টুমি (২৯ অক্টোবর, ২০২০)। *জাগোনিউজ২৪.কম*।

বিয়ে ভাঙতে সাফা কবিরের দুষ্টামি (jagonews24.com)

বাপ্পির টানে গভীর রাতে ঘরের বাইরে অপু বিশ্বাস (১৯ অক্টোবর ২০২০)। *জাগোনিউজ২৪.কম*। https://www.jagonews24.com/entertainment/news/624394

বলিউড তারকারা যে কারণে মালদ্বীপে যান (৩ ডিসেম্বর ২০২০)। *জাগোনিউজ২৪.কম*। https://www.jagonews24.com/entertainment/bollywood/627163

বরিশালে প্রাথমিকের দুই প্রধান শিক্ষকের বিশেষ মুহূর্তের ছবি ভাইরাল (১৯ নভেম্বর ২০২০)। *জাগোনিউজ২৪.কম*। https://www.jagonews24.com/country/news/624486

বরিশালে ধর্ষণে কিশোরী অন্তসত্ত্বা (৮ অক্টোবর ২০২০)। *জাগোনিউজ২৪.কম*। https://www.jagonews24.com/country/news/615927

বিবস্ত্র করে নির্যাতন: দেলোয়ারের মাছের খামারে গুলি-বোমা (৬ অক্টোবর ২০২০)। *বিডিনিউজ২৪.কম*। https://bangla.bdnews24.com/samagrabangladesh/article1808511.bdnews

বন্ধুদের প্রলোভনে বেড়াতে গিয়ে তরুণী গণধর্ষণের শিকার: আটক ২ (২৬ নভেম্বর ২০২০)। *খুলনা গেজেট.কম*। https://tinyurl.com/ycku2vpt

ভালবাসায় অতিষ্ট অপর্ণা (৩ ডিসেম্বর ২০২০)। *বাংলাদেশ প্রতিদিন*।

ভেড়ামারায় যুবতীর হাত-পা বাধা বিবস্ত্র লাশ উদ্ধার (১৮ ফেব্রুয়ারি ২০২১)। *দৈনিক প্রবাহ*।

ভাইয়ের সাথে দ্বন্দ্ব তারিনের! (১৫ অক্টোবর ২০২০)। *জাগোনিউজ২৪.কম*। https://www.jagonews24.com/entertainment/news/617345

মুন্সীগঞ্জে প্রেমিক যুগলসহ চার জনের লাশ উদ্ধার (২৬ নভেম্বর, ২০২০)। *বাংলাদেশ প্রতিদিন*।

মিথিলা আউট, সারিকা ইন (৫ নভেম্বর, ২০২০)। *দৈনিক প্রবাহ*।

মাহতাব হোসেনের প্রিয় কবিতায় আসছেন পঙ্গু কবি সজল (৫ নভেম্বর ২০২০)। *জাগোনিউজ২৪.কম*। https://www.jagonews24.com/entertainment/news/621586

মায়ের মৃত্যুর পরদিন মারা গেলেন বজরঙ্গী ভাইজানের অভিনেতা (১২ নভেম্বর ২০২০)। *জাগোনিউজ২৪.কম*। https://www.jagonews24.com/entertainment/bollywood/623009

মারপিট করতে শাহরুখের সাথে দুবাই যাচ্ছেন জন আব্রাহাম (২১ জানুয়ারি, ২০২১)। *জাগোনিউজ২৪.কম*। https://www.jagonews24.com/entertainment/news/637802

মনপুরায় আরেক 'পাপিয়া'(৪ ফেব্রুয়ারি, ২০২১)। *জাগোনিউজ২৪.কম*। https://www.jagonews24.com/country/news/641140

'মেসি না খেললেই বার্সা জেতে' (২৬ জানুয়ারি, ২০২১)। *বিডিনিউজ২৪.কম*। https://bangla.bdnews24.com/sport/article1852527.bdnews

যুবককে গলা কেটে হত্যা (১৫ অক্টোবর ২০২০)। *বাংলাদেশ প্রতিদিন*।

যশোরে গৃহবধূকে চাকু ঠেকিয়ে জোরপূর্বক ধর্ষণের অভিযোগে মামলা (৪ ফেব্রুয়ারি ২০২১)। *দৈনিক প্রবাহ*।

শাহরুখ খান এর বাড়ি আর অক্ষয় এর টাকা চান কারিনা (২০ অক্টোবর ২০২০)। *প্রথম আলো*।

শ্যামনগরে ধর্ষিতার ভাইকে নির্যাতন (১৯ নভেম্বর ২০২০)। *দৈনিক প্রবাহ*।

সাভারে রাতে দরজা ভেঙে তরুণীকে ধর্ষণের অভিযোগ (২৭ অক্টোবর ২০২০)। *দৈনিক পূর্বাঞ্চল* ।

স্কুলছাত্রীর নগ্ন ছবি ফেইসবুকে ছড়িয়ে দেওয়ায় যুবক আটক (২০ ডিসেম্বর ২০২০)। দৈনিক প্রবাহ।

সাহসী সাবিলার প্রেমে বখাটে অপূর্ব (১৪ জানুয়ারি, ২০২১)। *জাগোনিউজ২৪.কম*। https://www.jagonews24.com/entertainment/news/636131

সাকিব-মাহির রোমান্স অবশেষে পাঁচতারা হোটেলে (১০ ডিসেম্বর ২০২০)। *জাগোনিউজ২৪.কম*। https://www.jagonews24.com/entertainment/news/628743

স্বামী দেশে ফেরার পর স্ত্রীর আত্নহত্যা (৩১ ডিসেম্বর ২০২০)। *জাগোনিউজ২৪.কম*। https://www.jagonews24.com/country/news/633040

স্বামী পরিত্যাক্তা নারীকে ধর্ষণের দায়ে যাবজ্জীবন কারাদন্ড (২৯ অক্টোবর ২০২০)। *জাগোনিউজ২৪.কম*। https://www.jagonews24.com/country/news/620297

২০ বছরের ছেলে আছে ইমরান হাশমি ও সানি লিওনের (১০ ডিসেম্বর ২০২০)। *জাগোনিউজ২৪.কম* ।https://www.jagonews24.com/entertainment/bollywood/628725